পূর্বে অনুমোদিত গঠনতন্ত্রের অনুমোদন এতদ্বারা রহিত করা হলো এবং সর্বশেষ ১৩/০১/২০২০ তারিখ পূর্ণাঙ্গ গঠনতন্ত্র অনুমোদিত।

# গঠনতন্ত্র

| | |
|---|---|
| **১. প্রস্তাবনা ঃ**<br>দেশের সামাজিক, অর্থনৈতিক, শিক্ষা ও সাংস্কৃতিক কাঠামোর আলোকে অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীদের সার্বিক কল্যাণ জোরদার ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য ১৯৫৫ সালে অত্র সমিতি প্রতিষ্ঠিত হয়। অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী ও তাহাদের পরিবারের সুস্বাস্থ্য, দৈহিক আরাম, মানসিক শান্তি, সামাজিক ও আর্থিক নিরাপত্তা, দীর্ঘ জীবন সুনিশ্চিত এবং বার্ধক্যজনিত রোগ ব্যাধি নিরাময়, নিয়ন্ত্রণ ও নিঃসঙ্গতা হ্রাস করা সমিতির মৌলিক লক্ষ্য। বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির উদ্দেশ্যাবলী কার্যকরভাবে অর্জনের লক্ষ্যে বাংলাদেশ সরকারের ভলান্টারী সোস্যাল ওয়েলফেয়ার এজেন্সিস (রেজিস্ট্রেশন এন্ড কন্ট্রোল) অর্ডিন্যান্স (অডিন্যান্স নম্বর XLVI) ১৯৬১ এর অধীনে একটি সম্পূর্ন অরাজনৈতিক স্বেচ্ছাসেবী কল্যাণমূলক সমিতি হিসাবে নিবন্ধিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সংশোধিত গঠনতন্ত্র গ্রহণ করে। | 1. Preamble:<br>With a view to promoting and strengthening the overall welfare of the Retd. Government Employees within the social, economic, educational and cultural framework (context) of the country, this Association had been established in 1955. Its objectives are to ensure good health in old age, free from old-age-diseases and loneliness, physical comfort, mental peace, social and economic wellbeing and security. Further in order to realize these objectives, Bangladesh Retired Government Employees Welfare Association was registered as a non-political body and voluntary social welfare association within the meaning of the Voluntary Social Welfare Agencies (Registration and Control) Ordinance (Ordinance No XLVI) of 1961 and it has adopted this amended constitution unanimously. |
| **২. নামকরণঃ**<br>এই সমিতি "বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি" নামে অভিহিত হইবে। ইংরেজি ভাষায় এই সমিতির নামকরন হইবে "Bangladesh Retired Goverment Employees Welfare Association". | **2. Jurisdiction:**<br>The naem of the association shall be "Bangladesh Abasarprapta Sarkari Karmachari Kalyan Samity". In English the nomenclature of the Association shall be " Bangladesh Retired Government Employees Welfare Association. |
| **৩. এখতিয়ারঃ**<br>সমিতির এখতিয়ার সমগ্র বাংলাদেশে বিস্তৃত থাকিবে এবং ইহার সকল কার্যক্রম সামগ্রিকভাবে বাংলাদেশের সকল অবসরপ্রাপ্ত বেসামরিক সরকারী কর্মচারীদের কল্যাণে ব্যাপৃত থাকিবে। | **3. Jurisdiction:**<br>The jurisdiction of the association shall extend to the territorial limits of the People's Republic of Bangladesh and all its activities shall apply to all retired civil government employees of Bangladesh for their welfare. |
| **৪. সদর কার্যালয় ঃ**<br>সমিতির সদর কার্যালয় ঢাকায় অবস্থিত হইবে। | **4. Headquarters** :<br>The Headquarters of the Association shall be located at Dhaka. |
| **৫. পরিচালনার সাধারণ নীতিমালা ঃ** | **5. General Principles of Governance :**<br>a) The association shall promote democracy and |

| | |
|---|---|
| (ক) সমিতি গঠনতন্ত্র জোরদার ও গণতান্ত্রিক মূল্যবোধ সমুন্নত রাখিবে, যেখানে মৌলিক অধিকার ও স্বাধীনতার নিশ্চয়তা থাকিবে, অন্যের প্রতি ও নিজেদের মধ্যে শ্রদ্ধাবোধ নিশ্চিত করিবে এবং যেখানে নির্বাচিত প্রতিনিধিগণের কার্যকর অংশ গ্রহণের মাধ্যমে প্রশাসন ব্যবস্থাকে শক্তিশালী করা। | democratic values, in which rights & freedoms and respect for others and among themselves shall be ensured and in which effective participation by the members through elected representatives in administration shall be encouraged. |
| (খ) যাবতীয় কর্মকান্ডে সর্বস্তরে মহিলা সদস্যগণের অংশ গ্রহণ নিশ্চিত করা। | b) Steps shall be taken to ensure active participation of women members in all spheres of activities. |
| (গ) সমিতির দায়িত্ব হইবে সকল সদস্যের বিশেষ করিয়া নিম্ন আয়ের সদস্যগণের সার্বিক কল্যাণ সাধন করা । | c) It shall be the responsibility of the association to promote overall welfare of the members, especially the low income members. |
| (ঘ) সমিতির সকল সদস্যের দায়িত্ব হইবে গঠনতন্ত্র ও গঠনতন্ত্রের অধীনে প্রণীত আইন/বিধিমালা পালন করা এবং নিজেদের মধ্যে শৃংখলা রক্ষা, ভদ্র আচার-আচরণ প্রদর্শন এবং সকল সদস্যের প্রতি সহমর্মিতা/সহানুভূতি প্রকাশ করা। | d) It is the duty of every member to observe the constitution and the rules made thereunder, to maintain discipline and good manners among themselves and sympathy for others. |
| (ঙ) সমিতির প্রত্যেক সদস্যের কর্তব্য হইবে ভ্রাতৃপ্রতিম সদস্যগণের সেবা প্রদানে সর্বদা সচেষ্ট থাকা। | e) Every member of the association has a duty to strive at all times to serve their fellow members. |
| (চ) একটি সম্পূর্ণ অরাজনৈতিক স্বেচ্ছাসেবী কল্যাণধর্মী সমিতি হিসাবে কাজ করা। | f) The association shall be a non-political social welfare association. |
| **৬. <u>সংজ্ঞা ঃ</u>** | **6. Definitions :** |
| - অন্যত্র যাহাই থাকুকনা কেন গঠনতন্ত্রে বর্ণিত বিশেষ বিশেষ প্রাসংঙ্গিক শব্দ সমূহের নিম্নলিখিত অর্থ বুঝাইবে ঃ | - Unless the context otherwise requires, the relevant words and expressions used in the constitution mean the following. |
| - ‘সমিতি’ বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতিকে বুঝাইবে। | - ‘Association’ means Bangladesh Retired Govt. Employees Welfare Association. |
| - ‘শাখা’ বলিতে কার্যনির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত নিবন্ধীকৃত জেলা শাখা সমিতিকে বুঝাইবে। | - ‘Branch’ means the Zila Branch Association affiliated by the Executive Committee of the Association. |
| - ‘চেয়ারম্যান’ বলিতে সমিতির অধীনস্থ শাখা সমিতি এবং অঙ্গ সংস্থার অথবা উপ-কমিটির চেয়ারম্যানকে বুঝাইবে। | - ‘Chairman’ means the Chairman of the Branch Association and any Subsidiary Body or Sub-Committee. |

| | |
|---|---|
| - 'নির্বাচন কমিশন' বলিতে এই গঠনতন্ত্রের অধীনে প্রধান নির্বাচন কমিশনার ও দুইজন নির্বাচন কমিশনার লইয়া গঠিত নির্বাচন কমিশনকে বুঝাইবে। | - `Election Commission' means Election Commission consisting of Chief- Election Commissioner and two Election Commissioners under the constitution. |
| - 'প্রধান নির্বাচন কমিশনার' বলিতে সমিতির গঠনতন্ত্রের অধীনে কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে সভাপতি কর্তৃক নিয়োজিত প্রধান নির্বাচন কমিশনারকে বুঝাইবে। | - 'Chief Election Commissioner' means the Chief Election Commissioner appointed by the President under this constitution with the approval of the Executive Committee. |
| - 'গঠনতন্ত্র' বলিতে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির গঠনতন্ত্রকে বুঝাইবে। | - 'Constitution' means the constitution of Bangladesh Retired Govt. Employees Welfare Association. |
| - 'সাধারণ পরিষদ'। সমিতির সকল আজীবন ও সাধারণ সদস্য এবং জেলা শাখার চেয়ারম্যান ও সাধারণ সম্পাদকদের নিয়ে সাধারণ পরিষদ গঠিত হইবে। সাধারণ পরিষদ সমিতির সর্বোচ্চ নীতি নির্ধারণী পরিষদ বলিয়া বিবেচিত হইবে। | - "General Body" A general body shall be composed of all life members and general members of the association and the chairmen and general secretary of the district branch. The General body shall be considered as the highest body for determining policy. |
| - 'নির্বাচন কমিশনার' বলিতে গঠনতন্ত্রের অধীনে কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে সভাপতি কর্তৃক নিয়োজিত নির্বাচন কমিশনারকে বুঝাইবে। | - 'Election Commissioner' means an Election Commissioner appointed by the President under this Constitution with the approval of the Executive Committee. |
| - 'কার্যনির্বাহী কমিটি' বলিতে গঠনতন্ত্রের অধীনে নির্বাচিত কার্যনির্বাহী কমিটিকে বুঝাইবে। | - 'Executive Committee' means the Executive Committee elected under this constitution. |
| - 'যুগ্ম মহাসচিব' বলিতে গঠনতন্ত্রের অধীনে নির্বাচিত যুগ্ম-মহাসচিবকে বুঝাইবে। | - 'Joint Secretary General' means the Joint Secretary General of the association elected under the constitution. |
| - 'সদস্য' বলিতে সমিতির বিধিবিধান অনুযায়ী তালিকাভূক্ত সাধারণ ও আজীবন সকল সদস্যকেই বুঝাইবে। | - 'Member' means a member enrolled as a life and general member after being duly considered according to the rules of the association. |
| - 'ভোটার' সমিতির বিধিবিধান অনুযায়ী তালিকাভুক্ত সাধারণ ও আজীবন সকল সদস্য এবং জেলা শাখা সমিতির চেয়ারম্যান ও সাধারণ সম্পাদক যারা নির্ধারিত তারিখের মধ্যে সমিতির সকল দেনা পাওনা পরিশোধ করিবেন তাহারা ভোটার হইবার যোগত্য অর্জন করিবেন। | "Voter" According to the rules of the association, all listed life and general members and the chairman and General Secretary of the district branch association, having paid all the dues of the association shall get the privilege of becoming a |

| | |
|---|---|
| | voter. |
| - ‘কার্যনির্বাহী কমিটির সদস্য’ বলিতে সদস্যদের ভোটে প্রত্যক্ষভাবে নির্বাচিত অথবা কো-অপশনের মাধ্যমে মনোনীত ব্যক্তিকে বুঝাইবে। | - ‘Member of the Executive Committee’ means a person directly elected by the general members of the association or any person appointed by cooption. |
| - পেনশন (অবসর ভাতা) বলিতে আংশিকভাবে প্রদেয় হউক বা না হউক, যে কোন অবসর ভাতা, যাহা কোন ব্যক্তি বা ব্যক্তির ক্ষেত্রে দেয় এবং কোন ভবিষ্য তহবিলের চাঁদা বা ইহার সহিত সংযোজিত অতিরিক্ত অর্থ প্রত্যার্পণ বাংলাদেশে-- দেয় অবসরকালীন বেতন বা আনুতোষিক ইহার অন্তর্ভূক্ত হইবে। | - ‘Pension’ means (retirement benefit) any retirement benefit provident fund contribution or amount added to it fully or partly payable to a person within the territory of Bangladesh. It will also include retirement salary and gratuity. |
| - ‘পেনশনার’ বলিতে মাসিক ভিত্তিক পেনশন এবং অন্যান্য প্রদেয় ভাতাদি প্রাপ্ত বা প্রাপ্ত হওয়ার অধিকারী একজন অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী অথবা যিনি শুধুমাত্র অন্যান্য ভাতাদি প্রাপ্ত বা প্রাপ্ত হওয়ার অধিকারী তাহাকে বুঝাইবে। | - ‘Pensioner’ means a retired government employee who is entitled to receive monthly pension and other allowances or the person who is only authorized to receive only others allowances. |
| - ‘সভাপতি’ বলিতে সমিতির গঠনতন্ত্রের অধীনে নির্বাচিত সভাপতিকে বুঝাইবে। | - ‘President’ means the President of the Association elected under the constitution. |
| - ‘নিবন্ধীকরণ’ কর্তৃপক্ষ বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধীনে সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালককে বুঝাইবে। | - ‘Registration Authority’ means the Director General of the Department of Social Services under the Government of the People’s Republic of Bangladesh. |
| - ‘বিধিমালা’ বলিতে এই গঠনতন্ত্রের অধীনে প্রণীত বিধি -বিধান সমূহকে বুঝাইবে। | - ‘Rules’ means rules framed under the constitution. |
| - ‘মহাসচিব’ বলিতে এই গঠনতন্ত্রের অধীনে নির্বাচিত মহাসচিবকে বুঝাইবে। | - ‘Secretary General’ means the Secretary General elected under the constitution. |
| - ‘সাধারণ সম্পাদক’ বলিতে জেলা শাখা সমিতির সাধারণ সম্পাদককে বুঝাইবে। | - ‘General Secretary’ means the General Secretary of the District branch Association. |
| - ‘সম্পাদক’ বলিতে সমিতির অধীনে বিভিন্ন অঙ্গ সংস্থা অথবা উপ-কমিটির সম্পাদককে বুঝাইবে। | - ‘Secretary’ means the Secretary of different Subsidiary Bodies and Sub-Committees of the Association. |
| - ‘উপ-কমিটি’ বলিতে কার্যনির্বাহী কমিটি/ সভাপতিকে সাহায্য করিবার জন্য কার্যনির্বাহী কমিটি বা অঙ্গ সংস্থা কর্তৃক সুনির্দিষ্ট | - ‘Sub-Committee’ means Sub-Committee appointed by the Executive Committee with |

উদ্দেশ্যে গঠিত উপ-কমিটিকে বুঝাইবে।

- ‘অঙ্গ সংস্থা’ বলিতে কার্যনির্বাহী কমিটি কর্তৃক গঠিত বিভিন্ন অঙ্গ সংস্থাকে বুঝাইবে।
- ‘কোষাধ্যক্ষ’ বলিতে গঠনতন্ত্রের অধীনে নির্বাচিত সমিতির কোষাধ্যক্ষকে বুঝাইবে।
- ‘যুগ্ম-কোষাধ্যক্ষ’ বলিতে এই গঠনতন্ত্রের অধীনে নির্বাচিত যুগ্ম-কোষাধ্যক্ষকে বুঝাইবে।
- ‘সহ-সভাপতি’ বলিতে গঠনতন্ত্রের অধীনে নির্বাচিত সমিতির একজন সহ-সভাপতিকে বুঝাইবে।
- ‘সহকারী মহাসচিব’ বলিতে গঠনতন্ত্রের অধীনে নির্বাচিত সহকারী মহাসচিবকে বুঝাইবে।
- ‘বৎসর’ বলিতে ১ জানুয়ারী হইতে ৩১ ডিসেম্বর পর্যন্ত পঞ্জিকা বৎসর বুঝাইবে।

**৭. কার্যাবলী ঃ**

এই সমিতি একটি অরাজনৈতিক সমাজকল্যাণ মূলক সমিতি। ইহার কার্যাবলী নিম্নরূপ হইবে ঃ

(ক) জনগনের সার্বিক মঙ্গল ও কল্যাণ বিশেষ করিয়া অবসরপ্রাপ্ত সরকারী পেনশনার কর্মচারী ও তাহাদের পোষ্য ও পরিবারবর্গের যাবতীয় সেবা প্রদান।

(খ) পেনশনার পরিবারের পোষ্যদের এবং দেশের অন্যান্য নিঃস্ব জনগণের কল্যাণার্থে বৃত্তিমূলক বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন।

(১) এমব্রয়ডারি
(২) রান্না ও বিভিন্ন মিষ্টান্ন প্রস্তুত।
(৩) খাদ্য প্রযুক্তি/বিবিধ ফলমূলাদি প্রস্তুত শিল্প
(৪) হস্তশিল্প
(৫) নার্সিং
(৬) সূচীকর্ম,দরজির কাজ ও পরিচ্ছদ প্রস্তুত
(৭) শর্টহ্যান্ড ও টাইপ রাইটিং/ কম্পিউটার

(গ) সরকার হইতে প্রাপ্ত অনুদান ও অংশগ্রহণকারীগণের চাঁদা ও দান

definite objectives/purposes to assist the Executive Committee/President.

- ‘Subsidiary Body’ means the different Subsidiary Bodies set up by the Executive Committee.
- ‘Treasurer’ means the Treasurer of the Association elected under the constitution.
- ‘Joint Treasurer’ means the Treasurer of the Association elected under the constitution.
- ‘Vice President’ means a Vice President of the Association elected as Vice President under the constitution.
- ‘Asstt. Secretary General’ means the Asstt. Secretary General of the Association elected under the constitution.

-``Year’ means the calendar year beginning from 1st January to 31st December.

7. **Activities :**

The activities of the association - a non-political Social Welfare association - shall be :

a) To Provide services for the benefit and welfare of the public in general and the Retd. Govt. Employees and their family-members in particular.

b) To set up Vocational Training Centres for dependents of the Pensioners’ families as well as for other destitute persons of the country.

This will include :-

i) Embroidery ;
ii) Cooking/Confectionery ;
iii) Food Technology/Fruit Product Industries ;
iv) Handicrafts ;
v) Nursing ;
vi) Sewing/tailoring ;
vii) Shorthand and Typewriting/Computer

c) To organize recreational activities such as

| | |
|---|---|
| হইতে পেনশনার ও তাঁহাদের পরিবার-পরিজনের অবসর ও বিনোদনের সুযোগ-সুবিধা প্রদান যেমন বনভোজন, সাংস্কৃতিক অনুষ্ঠান, ঈদ পুনর্মিলনী, মিলাদ মাহফিল, ক্রীড়া প্রতিযোগিতা এবং প্রবীণ জনগণের সমস্যা ও তাহার সমাধানের উপর দৃষ্টি আকর্ষণের উদ্দেশ্যে আলোচনা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি অনুষ্ঠান। | picnics, cultural function, eid-reunion, milad mahfils, sports, social gatherings, etc. of government pensioners and their family members and also to organize seminar, symposium etc. on the problems of the pensioners and their solution from time to time out of members' contribution, govt. grant, donation and subscription to the association. |
| জাতীয় গুরুত্বপূর্ণ দিবসসমূহ যেমন ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২৬ মার্চ স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস, মহান ২১ ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ১৭ মার্চ জাতীয় শিশু দিবস, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস এবং সামাজিক অনুষ্ঠানাদি যথা ১লা বৈশাখ ইত্যাদি যথাযথ মর্যাদার সাথে উদযাপন। | To organize functions of national importance such as 16 December glorious Victory Day, 26 March Independence and National Day, 21 February International Mother Language Day, 17 March National Children's Day, 15 August National Mourning Day and social functions such as Pahela Baishak etc. in a befitting manner. |
| (ঘ) দেশের সামাজিক, অর্থনৈতিক, শিক্ষা, সাংস্কৃতিক ও অন্যান্য সমস্যার উপর সমিতির সদস্যগণের সুদীর্ঘ অভিজ্ঞতা ও দক্ষতা কাজে লাগাইয়া দেশের উন্নয়ন ও কল্যাণমূলক কর্মকান্ডে অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ। | d) To bring life-long experience of the members of the association to bear upon social, economical, educational and other problems of the country connected with its welfare. |
| (ঙ) দেশের বিবিধ সমস্যাবলীর উপর প্রেস বিজ্ঞপ্তি ও সরকারের নিকট গঠনমূলক প্রস্তাব/সুপারিশ প্রেরণ। | e) To issue articles or statements to the press and to offer suggestions to the Govt. on questions relation to the country. |
| (চ) মানবিক দৃষ্টিকোণ হইতে সমিতির সদস্যদের সুখ-স্বাচ্ছন্দ্য বিধান এবং অভাব অভিযোগ ও দুর্দশা নিরসনের জন্য নিয়মতান্ত্রিক উপায়ে সকল ব্যবস্থা গ্রহণ। | f) To devise ways and means for ameliorating the condition of members of the association and to adopt constitutional means for redressing their grievances and difficulties. |
| (ছ) সময় সময় শিক্ষাবৃত্তিক ও সাংস্কৃতিক আলাপ-আলোচনার ব্যবস্থা গ্রহণ। | g) To meet periodically to hold educational and cultural discourses. |
| (জ) সমিতির সদস্যদের মধ্যে পারস্পরিক সৌহার্দ্য, সৌজন্য ও ভ্রাতৃত্ব বোধ সৃষ্টি করা। সমিতির সদস্যদের কল্যাণার্থে সমবায় অধিদপ্তরের নিবন্ধন গ্রহণপূর্বক বহুমুখী সমবায় সমিতি গঠন অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারীগণের সুবিধার্থে অন্যান্য নিয়মতান্ত্রিক ও গঠনমূলক ব্যবস্থা গ্রহণ। | h) To create a esprit-de-corps among the members of the association and on obtaining registration from the Directorate of Co-operatives to establish multipurpose Co-operative societies for the benefit of members and to take other constitutional steps necessary for the welfare of Retd. Govt. Employees. |
| (ঝ) দাতব্য/হাসপাতাল/ডায়াগনস্টিক সেন্টার/প্যাথলজি ল্যাব স্থাপন। | i) To set-up Charitable Hospital/Diagnostic Center/Pathology Laboratories |

| | |
|---|---|
| (ঞ) প্রাপ্ত বয়স্কদের জন্য বিদ্যালয়, লাইব্রেরী ও ক্লাব পরিচালনা। | j) To establish Adult Education Centres, Libraries and Clubs. |
| (ট) লেখা পড়ার সুবিধার জন্য বিত্তহীন সমিতির সদস্যদের যোগ্য সন্তান-সন্ততিদের অনুদান, শিক্ষাবৃত্তি ও অন্যান্য সাহায্য প্রদান। | k) To provide education facilities for wards of poor member of the Association in the shape of Grants/Stipends and other material help. |
| (ঠ) সরকারী অনুদান/বৃত্তি এবং অন্যান্য বস্তুগত সাহায্যের মাধ্যমে সরকারী পেনশনারদের জন্য আবাসনের (পেনশনার হোম) ব্যবস্থা করা। | l) To run boarding house (pensioners home) for government pensioners with the help of government Grants. |
| (ড) সমিতির সদস্যদের ও তাঁহাদের পোষ্যদের বিনা পয়সায় বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা এবং বিনা ফিতে বা নাম মাত্র ফিতে তাহাদের চিকিৎসার ব্যবস্থা করা। | m) To arrange for free Annual medical check-up and treatment of members of the association and their dependand family-members without fee or with nominal fee. |
| (ঢ) সমিতির আদর্শ ও উদ্দেশ্যের প্রসারকল্পে প্রবন্ধ, পুস্তিকা, পত্র-পত্রিকা প্রণয়ন ও তাহাদের প্রকাশনার ব্যবস্থাকরণ। | n) To print, publish and/or circulate any newspaper, magazine, periodicals, books and pamphlets which may be considered necessary for promotion of the objectives. |
| (ণ) জাতীয় সমাজকল্যাণ ও উন্নয়নমূলক কর্মকান্ডে অংশগ্রহণ ও উক্ত কর্মসূচীতে সরকারকে সহায়তা প্রদান। | o) To participate in social welfare and nation-building activities and to assist the govt. in such activities. |
| (ত) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সমিতির সদস্যদের ও তাঁহাদের পরিবারের সদস্যগণের কল্যাণার্থে ট্রাস্ট গঠন। | p) To create trusts with the approval of the concerned authority for the welfare of the members of the association and members of their family. |
| (থ) সমিতির সদস্যসহ অন্যান্যদের প্রতিরোধমূলক ও যুগোপযোগী চিকিৎসাসেবা প্রদান এবং শারীরিক ও মানসিক প্রশান্তি এবং দীর্ঘায়ু লাভে সহায়তার মাধ্যমে তাহারা যাহাতে সমাজের কার্যকর ও সৃজনশীল নাগরিক হিসাবে পরিগণিত হইতে পারেন সেই ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা। তাহদের হাফ ফি/বিনা ফিতে চিকিৎসা প্রদান করার ব্যাপারে সমিতির কার্যনির্বাহী কমিটি সময় সময় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিবে। | q) To set up health facilities to provide promotive, preventive and curative medical services to the members of the Association and non-members to improve physical comfort and mental peace and longevity so that they can live as useful and productive members of the society. They may receive services without fee or with 50% fee to be determined by the Executive Committee from time to time. |
| (দ) সমিতির সদস্যদের উৎপাদনশীল ও সৃষ্টিশীল কার্যক্রমে সম্পৃক্ত করণার্থে তাহাদের আর্থ-সামাজিক অবস্থা ও জীবনযাত্রার মানোন্নয়নকল্পে প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে জ্ঞান ও কারিগরী দক্ষতা বৃদ্ধির ব্যবস্থা নেওয়া। সমাজের গুরুত্বপূর্ণ সদস্য হিসাবে | r) To equip them through training or otherwise with knowledge, technical know how and expertise so that they can undertake productive and promotive activities which will enable them to improve their socio-economic conditions and |

| | |
|---|---|
| তাহারা নাগরিকদের আর্থসামাজিক উন্নয়নমূলক কাজে উদ্দীপ্ত করিবে। | standard of living. As important members of the society they will be able to disseminate their knowledge and technical know-how among the less fortunate members of the society which will inspire them to undertake socio-economic activities leading to amelioration of their socio-economic conditions. |
| **৮. সদস্য পদ ঃ** | **8. Membership :** |
| (ক) বাংলাদেশ সরকারের চাকুরী হইতে অবসরপ্রাপ্ত সকল বেসামরিক সরকারী কর্মচারী এই সমিতির সদস্য হইতে পারিবেন ; তবে তাঁহাদিগকে সমিতির গঠনতন্ত্র ও আইন-কানুন মানিয়া চলিতে হইবে এবং সমিতির নির্ধারিত চাঁদা/ফিস ইত্যাদি প্রদান করিতে হইবে। | a) The membership of the association shall be open to all civil pensioners of Government of Bangladesh who shall undertake to abide by the constitution of the association and rules and regulations thereof and shall pay into the funds of the association such subscription and fees as may be provided hereinafter. |
| কোন কর্মচারীকে যদি চাকুরী হইতে বরখাস্ত করা হয় কিংবা চাকুরীকালীন সময় তিনি যদি কোন অপরাধে শাস্তি প্রাপ্ত হন বা অবসরকালীন সময়ে কোন সরকারী বা বেসরকারী সংস্থায় বৈতনিক বা অবৈতনিক কোন কাজে নিয়োজিত থাকাকালীন সময়ে যদি নৈতিকতা বিরোধী কোন কাজের জন্য ঐ পদ হইতে অপসারিত হন অথবা কর্তৃপক্ষের অনুরোধে পদত্যাগ করিতে বাধ্য হন, তবে তিনি সমিতির সদস্য পদ লাভে অযোগ্য বিবেচিত হইবেন। | An employee who has been removed, dismissed or retrenched from service or during his service period if an employee has been punished for any offence or if during his retirement period he is engaged in any government or non-government organization either as paid or on honorary basis and during the period of his such engagement if he is removed from that post for his immoral activity or if he is compelled to resign by the authority he will not be considered eligible for membership in the Association. |
| যে সকল বেসামরিক সরকারী কর্মচারী স্বাভাবিক নিয়মে সরকারী চাকুরী হইতে অবসর গ্রহণের আদেশপ্রাপ্ত হইয়াছেন তাহারাও পেনশন সুবিধাদি অনুমোদিত হওয়ার পূর্বে সমিতির সদস্য হইতে পারিবেন; তবে এ ক্ষেত্রে তাহাদের সর্বশেষ বেতনের উপর চাঁদা ইত্যাদি নির্ধারিত হইবে। | The retired government servants who have been permitted to retire from service in the normal manner will also be eligible to become members of the association pending sanction of pensionery benefits. In their case the rate of subscription etc, shall be determined on the basis of last pay drawn by them. |
| (খ) পরলোকগত সরকারী কর্মচারী অথবা পরলোকগত পেনশনভোগীর বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী যিনি পারিবারিক পেনশন পাওয়ার যোগ্য তিনি উপরোক্ত শর্ত সাপেক্ষে সমিতির সদস্য হইতে পারিবেন।<br>উল্লেখ থাকে যে, যে সকল সরকারী কর্মচারী পেনশনের সমূদয় অর্থ এককালীন উত্তোলন করিয়াছেন তাহাদের মৃত্যুর পর | b) Widow/widower of a government servant or a deceased pensioner who is entitled to get family pension shall also be eligible to become a member of the association subject to the above terms and conditions. It is mentioned that the widow/widower of the retired government employees who has withdrawn pension at a |

| | |
|---|---|
| তাহাদের বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামীগণও এই সুযোগ-সবিধা ভোগ করিবেন। এই ব্যবস্থা কেন্দ্রীয় ও জেলা সমিতি সমূহের ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হইবে। | time shall enjoy this facility after the death of such retired employees. This shall equally apply to central and district association. |
| (গ) প্রত্যেক সদস্য পদপ্রার্থীকে নির্ধারিত ফরমে সমিতির মহাসচিব বা কার্যনির্বাহী কমিটির মনোনীত অন্য কোন ব্যক্তির বরাবরে আবেদন করিতে হইবে। ঐ আবেদনপত্র কার্যনির্বাহী কমিটি কর্তৃক গ্রহণযোগ্য হইলে আবেদনকারী সমিতির তালিকাভূক্ত ও রেজিষ্ট্রিকৃত সদস্য হিসাবে গণ্য হইবে। | c) Every applicant for admission to membership of the association shall send to the secretary general or to such person as the executive committee shall, from time to time direct for such purpose written application in such form as the executive committee shall prescribe. All such applications shall be considered by the executive committee and those accepted be enrolled and registered as members. |
| (ঘ) কোন ব্যক্তি সমিতিতে এককালীন টাকা ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) বা তাহার বেশি পরিমান অর্থ প্রদান করিলে কার্যনির্বাহী কমিটি বিচার বিবেচনা সাপেক্ষে ঐ ব্যক্তিবর্গকে সমিতির পৃষ্ঠপোষক হিসাবে নির্বাচিত করিতে পারিবে। তবে নির্বাচিত পৃষ্ঠপোষকের কোন ভোটাধিকার থাকিবে না। পৃষ্ঠপোষকের নাম এবং প্রদত্ত চাঁদার পরিমান একটি পৃথক রেজিষ্টারে লিপিবদ্ধ করিতে হইবে। | d) All the donor members shall be treated as patrons who shall donate a lump sum of Take 50.000/- (Taka fifty thousand) or more to the association. The patrons so elected shall be members of the association without voting rights. Names of patrons and the amount of donation paid by each shall be entered by the association in a separate register. |
| (ঙ) দেশের বিশিষ্ট মানব হিতৈষী, শিক্ষাবিদ, চিন্তাবিদ, বৈজ্ঞানিক, সমাজকর্মী, শিল্পী, সাহিত্যিক যাহারা সমাজ কল্যাণে বিশেষ অবদান রাখিতেছে সমিতি ইচ্ছা করিলে তাঁহাকে বা তাঁহাদিগকে সম্মানী সদস্য পদ প্রদান করিতে পারেন তবে তাঁহাদের ভোট প্রদানের অধিকার বা ক্ষমতা থাকিবে না। | e) The association may confer honorary membership on such philanthropists, social workers, scientists, educationists, artists, literateurs or men of eminence in other fields who shall have made outstanding contribution in social welfare activities. Such members shall have no voting rights. |
| **৯. সদস্য ভর্তি ফি ও বার্ষিক চাঁদা ঃ** | **9. Admission fee and Membership subscription :** |
| (ক) সাধারণ সদস্য ঃ সরকারী চাকুরী হইতে অবসরপ্রাপ্ত একজন ব্যক্তি কার্যনির্বাহী কমিটি কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত ভর্তি ফি ও বার্ষিক চাঁদা প্রদান করিয়া সাধারণ সদস্য হইতে পারিবেন। | a) Ordinary Members : A retired person can become an ordinary member on payment of admission fee and annual subscription to be determined by the executive committee from time to time. |
| (খ) আজীবন সদস্য ঃ সমিতির সদস্য হওয়ার উপযুক্ত একজন অবসরপ্রাপ্ত সরকালী কর্মচারী কার্যনির্বাহী কমিটি কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত ভর্তি ফি ও চাঁদা প্রদান করিয়া আজীবন সদস্য হইতে পারিবেন। | b) Life Members : Any retired Govt. Employees eligible for membership of the association may be enrolled as a life member on payment of admission fee and subscription fee to be determined from |

time to time by the executive committee.

## ১০. সদস্যগণের অধিকার ও সুবিধাদিঃ

সদস্যগণ সময়ে সময়ে সমিতি কর্তৃক প্রদত্ত নিম্নলিখিত অধিকার , সুবিধাদি ও সেবা গ্রহণ করিতে পারিবেন । যেমনঃ

(ক) সমিতির সাধারণ সভায় উপস্থিত হইয়া প্রয়োজনবোধে কার্যনির্বাহী কমিটির নির্বাচনে অংশগ্রহণ ও ভোট দিতে পারিবেন।

(খ) কার্যনির্বাহী কমিটি কর্তৃক নির্ধারিত ফিসে অথবা বিনা ফিসে সমিতি হইতে বিবিধ সাহিত্য পুস্তক, প্রচারপত্র, পত্র-পত্রিকা ও প্রকাশনা গ্রহণ করিবার সুযোগ পাইবেন।

(গ) বিনা ফিতে প্রতি বৎসর স্বাস্থ্য পরীক্ষা এবং কার্যনির্বাহী কমিটি কর্তৃক নির্ধারিত স্বল্প ফিতে বা মূল্যে এবং প্রয়োজনবোধে বিনা ফিতে বা মূল্যে পরিবার পরিজনের চিকিৎসারও সুবিধা পাইবেন।

## 10. Rights and Privileges of Members :

The members of the Association shall be entitled to such rights, privileges and services as the Association may provide from time to time such as:

i) Attend meetings of the General body of the Association, cast vote and be eligible for election to the executive Committee.

ii) Receive all literatures, Journals, books, pamphlets and other publications free of cost or on payment of such fees as may be determined by the Executive Committee.

iii) Annual Medical Check up for themselves and their family-members free of cost or on payment of such fees as may be determined by the Executive Committee from time to time.

## ১১. কার্যনির্বাহী কমিটিতে অন্তর্ভূর্ক্তি :

। কোন ব্যক্তি বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির বেতনভোগী কর্মকর্তা বা কর্মচারীরূপে সর্বনিম্ন তিন বৎসর কালের জন্য চাকুরীতে নিয়োজিত থাকিলে তিনি বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির কার্যনির্বাহী কোন পদে তাহার চাকুরী হইতে অবসরের পর অন্ততঃ তিন বৎসর নির্বাচিত বা সহযোজিত হইতে পারিবেন না।

## 11. Inclusion in the Executive Committee

Any person who worked in the Bangladesh Retired Government Employees Welfare Association as a paid Officer or office staff for three or more years shall not be eligible for election or cooption in any position of the Executive Committee of the Bangladesh Retired Government Employees Welfare Association at least before three years after his/her retirement.

## ১২. সদস্যপদ বাতিল/বিলুপ্তি ঃ

নিম্নলিখিত কারনে সমিতির যে কোন সদস্যের সদস্যপদ বাতিল হইতে পারেঃ

(ক) যদি কোন সদস্যকে আদালত কর্তৃক মানসিকভাবে অপ্রকৃতিস্থ ঘোষণা করা হয় বা নৈতিকভাবে দুশ্চরিত্র বলিয়া শাস্তি প্রদান করা হয়।

(খ) যদি আদালত কর্তৃক তাহাকে দেউলিয়া ঘোষাণা করা হয়।

## 12. Cessation of membership :

A member of the association shall cease to be a member :

a) If he/she is declared to be of unsound mind or found guilty of moral turpitude by court of law.

b) If he/she is declared insolvent by a Court of Law.

| | |
|---|---|
| (গ) কোন সদস্য ইচ্ছা করিলে সমিতির মহাসচিবের নিকট লিখিত নোটিশ দিয়া সদস্যপদ ত্যাগ করিতে পারিবেন; তবে সদস্যপদ পরিত্যাগের পূর্বে ঐ সদস্যকে মহাসচিব বা তাহার মনোনীত কোন প্রতিনিধির নিকট হইতে তাহার নিকট সমিতির কোন পাওনা নাই বলিয়া সার্টিফিকেট গ্রহণ করিতে হইবে। ঐ সার্টিফিকেট গ্রহণের তারিখ হইতে তাহার সদস্যপদ খারিজ বলিয়া গণ্য হইবে। | c) If he/she notifies in writing to the Secretary General his/her intention to resign his/her membership. In such case, the resignation is accepted by the Secretary General or his/her authorized representative on receipt of a ``No Demand'' certificate from the concerned Bodies. |
| (ঘ) কাহারো সদস্যপদ বিলুপ্ত হইলে যতদিন না কার্যনির্বাহী কমিটি তাহাকে সম্পূর্ণ দায়মুক্তির বিবেচনা করেন ততদিন পর্যন্ত ঐ সদস্য দায়মুক্ত হইবেন না। দায়মুক্তির পর কার্যনির্বাহী কমিটি অবশ্য তাহাকে পুনরায় সদস্যপদে বহাল করিতে পারিবে। | d) Any person who ceases to be a member of the association shall not be relieved thereby from any liability to the Association unless the Executive committee otherwise determine and the Executive committee may at any time if considered expedient readmit him/her as a member. |
| (ঙ) কোন সদস্যের বাৎসরিক চাঁদা যদি এক বৎসর পর্যন্ত অপ্রদেয় থাকে তবে তাহাকে সমিতি হইতে প্রদত্ত নোটিশ পাওয়ার এক মাসের মধ্যে ঐ চাঁদা সম্পূর্ণ পরিশোধ করিতে হইবে, অন্যথায় কার্যনির্বাহী কমিটি তাহার সদস্যপদ খারিজ/বাতিল করিতে পারিবে। | e) If the membership subscription remains outstanding for more than one year after if becomes due and there after one month elapses from the date of issue of written notice for payment of the same and the Executive Committee decides to terminate his/her membership. |
| (চ) কোন সদস্য সমিতির সুনাম ও স্বার্থহানিকর কোন কার্যে লিপ্ত থাকিলে কার্যনির্বাহী কমিটির মোট সদস্যের দুই-তৃতীয়াংশ ভোটে তাহার সদস্যপদ বাতিল করা যাইবে। তবে এরূপ সিদ্ধান্তের পূর্বে বিষয়টি কার্যনির্বাহী কমিটির সভার আলোচ্যসূচীতে স্পষ্টভাবে উল্লেখিত থাকিবে এবং ঐ আলোচ্যসূচী কমিটির সকল সদস্যের মধ্যে বিতরণ/বিলি করিতে হইবে। সিদ্ধান্ত লইবার পূর্বে কার্যনির্বাহী কমিটিকে অবশ্যই অভিযুক্ত সদস্যকে তাঁহার বিরুদ্ধে আনীত অভিযোগ সম্বন্ধে জবাবদিহি ও ব্যাখার সুযোগ দিতে হইবে। | f) In case a member's action has been detrimental to the interest and reputation of the Association, his/her name be removed from the list of members by a resolution of the Executive Committee passed by a two third majority provided that such proposal had been put in the duly circulated agenda of the Executive committee and that the duly circulated agenda of the Executive committee and that the member concerned had been given an opportunity to explain his/her conduct. |
| **১৩. সমিতির গঠন ঃ**<br>(ক) সমিতির সকল সদস্য  এবং অনুমোদিত শাখা সমিতিসমূহের চেয়ারম্যান ও সাধারণ সম্পাদকগণের সমন্বয়ে সমিতির একটি সাধারণ পরিষদ থাকিবে। | **13. Composition :**<br>a) The association shall consist of the general body which shall include the members of the association and the Chairman & General Secretary from each of the affiliated branch associations. |

(খ) (১) ১লা জানুয়ারী হইতে পরবর্তী তিন বৎসরের জন্য সপ্তদশ ধারা মোতাবেক সমিতির কার্যনির্বাহী কমিটির নিম্নলিখিত ১৯ জন কর্মকর্তা ও সদস্য নির্বাচিত হইবেন

| | |
|---|---|
| (১) সভাপতি | ১ (এক) |
| (২) সহ-সভাপতি | ২ (দুই) |
| (৩) মহাসচিব | ১ (এক) |
| (৪) কোষাধ্যক্ষ | ১ (এক) |
| (৫) যুগ্ম মহাসচিব | ১ (এক) |
| (৬) যুগ্ম কোষাধ্যক্ষ | ১ (এক) |
| (৭) সহকারী মহাসচিব | ১ (এক) |
| (৮) সদস্য | ১১ (এগার) |

(২) উপরিউক্ত ১৩ (খ) (১) উপধারায় গঠিত কার্যনির্বাহী কমিটি স্ব-স্ব বিভাগের শাখা সমিতির সঙ্গে আলোচনাক্রমে প্রত্যেক প্রশাসনিক বিভাগ হইতে নিম্নে বর্ণিত পদ্ধতিতে প্রতিনিধি সহযোজন করিতে পারিবেন ঃ (ক) যে সকল বিভাগে দশের অধিক জেলা আছে সে সকল বিভাগ হইতে দুইজন করিয়া সদস্য ; এবং (খ) যে সকল বিভাগে দশ বা উহার কমসংখ্যক জেলা আছে সে সকল বিভাগ হইতে একজন করিয়া সদস্য।

(৩) কোন জেলা সমিতি ধারাবাহিকভাবে তিন বারের বেশি বিভাগীয় প্রতিনিধি হিসাবে বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির কার্যনির্বাহী কমিটিতে সহযোজনের জন্য প্রতিনিধি দিতে পারিবেন না ।

(৪) প্রয়োজনবোধে আরও ২ (দুই) জন সদস্য কার্যনির্বাহী কমিটি কর্তৃক সহযোজিত হইতে পারিবে।

(৫) কোন ব্যক্তি ধারাবাহিকভাবে **তিন বৎসর মেয়াদী দুই বারের বেশী অর্থাৎ মোট ছয় বৎসরের বেশী সভাপতি ও মহাসচিব** পদে নির্বাচিত হইতে পারিবেন না। বিদায়ী সভাপতি ও মহাসচিব পরবর্তী

b) i) The executive committee shall consist of the following nineteen persons who will be elected as office bearers and members in accordance with Article 17 for a term of three years commencing from 1st January :

| | | |
|---|---|---|
| 1. | President | 1 (one) |
| 2. | Vice-President | 2 (two) |
| 3. | Secretary General | 1 (one) |
| 4. | Treasurer | 1 (one) |
| 5. | Joint Secretary General | 1 (one) |
| 6. | Joint Treasurer | 1 (one) |
| 7. | Assistant Secretary General | 1 (one) |
| 8. | Members | 11 (eleven) |

ii) The executive committee constituted under clause 13 above may co-opt, in consultation with the branch associations of the respective division, representatives from each administrative division in the following manner :- (a) Two members from each administrative division having more than ten districts; and (b) One member from each administrative division having ten or less districts.

iii) No District Association will be eligible for sending their representative as Divisional Representative to be co-opted in the Executive Committee of Bangladesh Retired Government Employees Welfare Association if they have been represented in this committee for three consecutive terms.

iv) The executive committee may co-opt. 2 (two) additional members if it is considered necessary.

v) No person shall be eligible for election to the posts of president and secretary general for more than two consecutive terms of three year i.e. total six years. The outgoing president and

| | |
|---|---|
| এক মেয়াদে কার্যনির্বাহী কমিটির সদস্য হিসাবে বহাল থাকিবেন। | the secretary general shall continue to be members of the executive committee for the ensuing term. |
| কোন ব্যক্তি ধারাবাহিকভাবে **তিন বৎসর মেয়াদী দুই বাবের বেশী অর্থ্যাৎ মোট ছয় বৎসরের বেশী** সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, যুগ্ম-মহাসচিব, যুগ্ম-কোষাধ্যক্ষ ও সহকারী মহাসচিব পদে নির্বাচিত বা সহযোজিত হইতে পারিবেন না। বিদায়ী সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, যুগ্ম-মহাসচিব, যুগ্ম-কোষাধ্যক্ষ ও সহকারী মহাসচিব পরবর্তী দুই বৎসরের জন্য কার্যনির্বাহী কমিটির অন্য কোন পদেও নির্বাচিত বা সহযোজিত হইতে পারিবেন না। | No person shall be eligible for election or cooption in the posts of vice-president, treasurer, joint secretary general, joint treasurer and assistant secretary general for more than two consecutive terms of three years i.e. total six years. The outgoing vice-president. treasurer, joint secretary general, joint treasurer, assistant secretary general shall not be eligible for election or cooption to any post in the executive committee in the next three years. |
| (৬) সাধারণ সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে কার্যনির্বাহী কমিটির সভার কোরাম গঠিত হইবে। | vi) Simple majority members shall form quorum of the meeting of the Executive Committee. |
| (৭) অনিবার্য কারণবশত যদি ৩১ শে ডিসেম্বরের মধ্যে নির্বাচন অনুষ্ঠান সম্ভব না হয় তবে নির্বাচন না হওয়া পর্যন্ত বিদ্যমান কার্যনির্বাহী কমিটি ইহার কার্যক্রম চালাইয়া যাইবে। কিন্তু কোন অবস্থাতেই নির্বাচন ৩১ শে মার্চের পরে পিছানো যাইবে না। | vii) The executive committee shall continue beyond 31st December till election, if due to exigencies election is not held within 31st December. The election shall, under no circumstances, be deferred beyond 31st March. |
| (৮) সকল কার্যকরী কমিটিকে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হবে। | viii) All the executive committee shall be approved by the registration authority. |
| (৯) পদত্যাগ বা অন্য কোন কারনে যদি কার্যনির্বাহী কমিটির কোন কর্মকর্তা বা কোন সদস্যের পদ শূন্য হয় তবে তাহা কার্যনির্বাহী কমিটির সকল সদস্যকে অবহিত করিতে হইবে এবং ঐ পদ পূরণ সম্পর্কে বিবেচনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কার্যনির্বাহী কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করিতে হইবে। | ix) If any of the office-bearers of the Association tenders his/her resignation or any member of the executive committee ceases to be a member of the committee by resignation or otherwise, it will be circulated to members of the executive committee and the matter put up for consideration and necessary action in its next meeting. |
| (১০) অঙ্গ সংস্থা বা উপকমিটির কোন পদ কোন কারণে শূন্য হইলে সংশ্লিষ্ট অঙ্গ সংস্থা / উপকমিটি মেয়াদের বাকী সময়ের জন্য সাধারন সদস্যদের মধ্য হইতে কমিটি সহযোজনের মাধ্যমে তাহা পূরণ করিবে। | x) Any casual vacancy occurring in any subsidiary body or sub-committee shall be filled up by co-option for the remaining term by the committee from amongst its general members. |

| | |
|---|---|
| (গ) কার্যনির্বাহী কমিটির বিবেচনা অনুযায়ী প্রত্যেক অঙ্গ সংস্থা ও উপকমিটিতে একজন চেয়ারম্যান, একজন সম্পাদক এবং নির্দিষ্ট সংখ্যক অন্যান্য কর্মকর্তা ও সদস্য থাকিবেন। | c) Every subsidiary body or sub-committee shall have a chairman, a secretary and such other office-bearers and members as the executive committee may consider fit and expedient. |
| **১৪. প্রশাসন ঃ** | **14. Administration :** |
| (ক) সমিতির সাধারণ পরিষদ সমিতির সর্বোচ্চ প্রশাসনিক কর্তৃত্ব ও সর্বময় ক্ষমতার অধিকারী হইবে। | a) The supreme authority of the association shall vest in the general body. |
| (খ) সমিতির প্রশাসনিক ব্যবস্থাপনা কার্যনির্বাহী কমিটির উপর ন্যস্ত হইবে। তবে কার্যনির্বাহী  কমিটি প্রয়োজনবোধে তাহাদের প্রশাসনিক দায়িত্বের কিছু কিছু অংশ কমিটির সদস্যগণের মধ্যে অথবা অঙ্গ সংস্থা / উপকমিটির উপর বন্টন, অর্পণ ও ন্যস্ত করিতে পারিবে। | b) The administration of the association shall vest in the executive committee which may delegate such power, responsibilities and functions to the office-bearers and to such other subsidiary bodies/sub-committees and persons of the association as it deems expedient from time to time. |
| (গ) কার্যনির্বাহী কমিটি বিশেষ উদ্দেশ্যে প্রতিষ্ঠিত কোন দাতব্য প্রতিষ্ঠানের দায়িত্ব শাখা সমিতি, উপকমিটি বা অঙ্গ সংস্থার উপর ন্যস্ত করিলে তাহারা কার্যনির্বাহী কমিটির নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে তাহা সুষ্ঠুভাবে পরিচালনা করিবে। | c) For smooth running and administration of the charitable institutions established for some specific purposes, the subsidiary bodies/sub-committees/branch associations set up/affiliated shall be subject to the general control and supervision of the executive committee. |
| (ঘ) শাখা সমিতি, উপকমিটি এবং অঙ্গ সংস্থা তাহাদের নিজ নিজ এলাকায় কার্য সম্পাদনকারী ইউনিট হিসাবে কাজ করিবে। তবে কার্যনির্বাহী কমিটি যদি মনে করে যে কোন শাখা সমিতি, উপকমিটি বা অঙ্গ সংস্থা সমিতির আদর্শ , উদ্দেশ্য ও সুনামের পরিপন্থী কাজ করিতেছে অথবা তাহারা মোটেই কোন কাজ করিতেছেন না তাহা হইলে কমিটি সংশ্লিষ্ট ইউনিটকে বাতিল করিয়া তাহা পুনর্গঠন বা তাহার স্থলে উহার কাজ চালাইবার জন্য এক বা একাধিক ব্যক্তি নিয়োগ করিতে পারিবে। | d) The subsidiary bodies/sub-committees/branch associations shall act as the operational units within their respective areas but the executive committee may dissolve and replace and subsidiary body/sub-committee or appoint such person or persons to run the affairs of the body/sub-committee concerned if it is satisfied that such body or sub-committee was either acting in a manner prejudicial to the interest and reputation of the association or was defunct or inactive. |
| **১৫. সমিতির সভাসমূহ ঃ** | **15. Meetings** : |
| (ক) সাধারণ পরিষদ ঃ | a) General Body : |
| (১) সমিতির সকল সদস্যের সম্মিলিত সভা যাহা বার্ষিক সাধারণ সভা হিসাবে অভিহিত হইবে তাহা সাধারণতঃ প্রতি বৎসর ৩১ শে | i) A general meeting of the members of the association to be called annual general meeting shall be held within 31st December. If for |

| | |
|---|---|
| ডিসেম্বরের মধ্যে অনুষ্ঠিত হইবে; তবে অনিবার্য কারণবশতঃ তাহা পরবর্তী ৩১ শে মার্চ পর্যন্ত পিছাইয়া দেওয়া যাইতে পারে। এই সাধারণ সভায় নিম্নলিখিত বিষয়সমূহ বিবেচিত ও গৃহীত হইবে ঃ | circumstances beyond control, it can not be held within that period, it shall be held by 31st March. This general meeting shall transact the following: |
| – বিগত বৎসরের বার্ষিক সাধারন সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ ও অনুমোদন। | - Confirm the proceedings of the last annual general meeting. |
| – সমিতির বিগত বৎসরের আয় ও ব্যয়ের হিসাব অনুমোদন। | - Approve the accounts of last year's income and expenditure; |
| – সমিতির বিগত বৎসরের অডিট রিপোর্ট বিবেচনা ও অনুমোদন। | - Discuss and approve last year's audit report. |
| – অডিটের জন্য নিরীক্ষক নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ। | - Appoint auditors and decide their remuneration |
| – মহাসচিবের বার্ষিক প্রতিবেদন অনুমোদন। | - Approve annual report of secretary general. |
| – সমিতির বাজেট অনুমোদন। | - Approve annual budget of the association. |
| – তিন বৎসর অন্তর অন্তর সাধারণ সদস্যদের মধ্য হইতে সমিতির কর্মকর্তা ও কার্যনির্বাহী কমিটির সদস্য নির্বাচন। | - Elect office bearers and the members of the executive committee from among the general members after every three years. |
| – সংবিধান সংশোধন। | - Amend the constitution |
| – বিবিধ। | - Miscellaneous |
| (২) যদি এমন কোন জরুরী বিষয়ের উদ্ভব ঘটে যাহার আলোচনা ও বিবেচনা পরবর্তী সাধারণ সভার দিন পর্যন্ত অপেক্ষা করা যাইবে না সেক্ষেত্রে বিশেষ জরুরী সাধারণ সভা আহবান করিতে হইবে। | ii) Extraordinary general meeting may be held to consider urgent matters which cannot wait till holding of the next annual general meeting. |
| ৩) মহাসচিব সমিতির সভাপতির  সঙ্গে পরামর্শক্রমে সাধারণ সভা ও বিশেষ জরুরী সাধারণ সভা আহবান করিবেন। তবে সাধারণ সভার তারিখ, সময় , স্থান ও কার্যসূচী কার্যনির্বাহী কমিটি নির্ধারণ করিবে। | iii) The general meeting shall be called by the secretary general in consultation with the president at such time and place and transact such business as may be determined by the executive committee. |
| (৪) সাধারণ সভায় নিবন্ধিত সদস্যগণের এক দশমাংশ অথবা নিবন্ধিত ১০০ জন সদস্য এই উভয় সংখ্যার যে সদস্য কম সেই সংখ্যক সদস্যের উপস্থিতিতে সাধারণ সভার কোরাম গঠিত হইবে। কোরাম ব্যতীত সাধারণ সভার কোন কার্য সম্পাদন করা | iv) One tenth of the total registered members or 100 members whichever is less being present in person shall form the quorum of general meeting. No business shall be transacted in the general meeting unless there is a quorum. |

| | |
|---|---|
| চলিবে না। | |
| (৫) যদি সাধারণ সভার নির্ধারিত সময়ের পর আধ ঘণ্টার মধ্যে সভার কোরাম গঠিত না হয় তাহা হইলে সভাপতি সাধারণ সভা মূলতবি ঘোষণা করিবেন এবং মূলতবি সভার তারিখ, সময় ও স্থান ঘোষণা করিবেন। যদি মূলতবি সভার কোরাম গঠিত না হয়, তাহা হইলে উপস্থিত সদস্যগণ দ্বারাই কোরাম গঠিত হইবে এবং নির্ধারিত কার্যসূচী অনুযায়ী সাধারণ সভা অনুষ্ঠিত হইবে। | v) If within half-an hour from the time fixed for the general meeting, a quorum is not formed the president shall adjourn the meeting and shall declare the date, time and place of the adjourned meeting. If at the adjourned meeting quorum is not formed the members present shall form the quorum and the general meeting will be held according to the scheduled agenda. |
| (৬) সাধারণ সভায় কোরাম থাকা সত্ত্বেও সভাপতি উপস্থিত সদস্যগণের অনুমতি সাপেক্ষে ঐ সাধারণ সভা মূলতবি করিতে পারিবেন। যদি ঐ মূলতবি সাধারণ সভার তারিখ ৭ দিন পর নির্ধারিত হয় সেক্ষেত্রে পুনরায় সকল সদস্যকে ঐ সভার নোটিশ প্রদান করিতে হইবে। অপরপক্ষে, মূলতবী সভা যদি ৭ দিনের মধ্যে অনুষ্ঠিত হয় সেক্ষেত্রে উক্ত সভার জন্য কোন নতুন নোটিশ প্রদানের প্রয়োজন হইবে না। মূলতবি সভায় শুধুমাত্র মূল কার্যসূচী সম্পাদিত হইবে। | vi) With the consent of the members present in a general meeting at which a quorum exists, the president may adjourn the meeting. When a meeting is adjourned for more than 7 (seven) days, notice of the adjourned meeting shall be given in the same manner as an original meeting. No notice for the adjourned meeting shall be necessary if the adjourned meeting is held within 7 (seven) days of the general meeting. Only those business shall be transacted in adjourned meeting which were included in the agenda of the original meeting. |
| (৭) সভাপতি সাধারণ সভায় সভাপতিত্ব করিবেন। সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতি অনুষ্ঠান পরিচালনা করিবেন। সভাপতি ও সহ-সভাপতিদের অনুপস্থিতিতে সভার কাজ পরিচালনার জন্য উপস্থিত সদস্যবৃন্দ তাহাদের নিজেদের মধ্য হইতে একজনকে ঐ সভায় সভাপতি মনোনীত করিবেন। | vii) The president or in his absence one of the vice-presidents of the association shall preside over the meeting. In the absence of the president and the vice-presidents, the members present shall elect a president for the meeting from amongst the members present. |
| (৮) সাধারণ সভায় সংখ্যাধিক্যের সম্মতিতে সিদ্ধান্ত গৃহীত হইবে। যদি সভায় ভোট গ্রহণের প্রয়োজন হয় , তবে সভাপতি ভোট গ্রহণ পদ্ধতি নিজেই ঠিক করিয়া দিবেন। সমানসংখ্যক ভোটের ক্ষেত্রে সভাপতির নির্ণায়ক ভোট থাকিবে। | viii) Any decision in the meeting shall have the consent of majority of the members present and the mode of voting, if required, shall be determined by the president of the meeting. The president of the meeting shall have a casting vote in the event of a tie. |
| (৯) সমিতির তালিকাভুক্ত সদস্য ব্যতীত সভায় অন্য কেহ ভোট প্রদান করিতে পারিবেন না। যে সকল সদস্যের বাৎসরিক চাঁদা অপ্রদেয় রহিয়াছে তাহারাও ভোট প্রদান করিতে পারিবেন না। | ix) No person other than a registered member shall be entitled to cast vote in the meeting. The members who have not paid off their annual subscription, shall not be entitled to cast vote. |
| **(খ) কার্যনির্বাহী কমিটি ঃ** | **b) Executive Committee :** |

| | |
|---|---|
| কার্যনির্বাহী সভা বৎসরে অন্ততঃ ৬ বার এবং প্রতি তিন মাসে অন্ততঃ ১ বার অনুষ্ঠিত হইতে হইবে। মহাসচিব সভার তারিখ, সময় ও কার্যসূচী উল্লেখপূর্বক এই সভার নোটিশ জারী করিবেন। কার্যনির্বাহী কমিটির কোন সদস্য যদি কোন যুক্তিসঙ্গত কারণ ব্যতিরেকে কমিটির পর পর দুইটি সভায় অনুপস্থিত থাকেন, তবে স্বয়ংক্রিয়ভাবেই তিনি কার্যনির্বাহী কমিটির সদস্যপদ হারাইবেন এবং কমিটিতে ঐ পদ শূন্য হইয়া যাইবে। | The meeting of the executive committee which shall be called by the secretary general, shall meet 6 (six) times a year and at least once a quarter at such time and place and to transact such business as may be notified by the secretary general. Any member of the executive committee who fails to attend two consecutive meetings of the committee without valid reasons will automatically cease to be member of the executive committee. |
| **(গ) অঙ্গ সংস্থা ও উপ-কমিটি ঃ** | **c) Subsidiary Bodies and Committees :** |
| অঙ্গ সংস্থা ও উপ-কমিটির সভার নোটিশ সমিতির মহাসচিব জারী করিবেন। যতবার প্রয়োজন উপকমিটি সভায় মিলিত হইতে পারিবেন, তবে তাহাদিগকে বৎসরে অন্ততঃ ৪ টি সভা করিতেই হইবে। | The meetings of the subsidiary bodies and sub-committees shall be convened by the Secretary General and such meeting may be held as may be considered expedient and such meeting will be held atleast four times a year to transact such business as may be notified by the Secretary General. |
| **(ঘ) তলবী সভা ঃ** | **d) Requisition Meeting :** |
| সাধারণ পরিষদ, অঙ্গ সংস্থা ও উপ-কমিটির অন্ততঃ দুই-তৃতীয়াংশ সদস্য কোন নির্দিষ্ট বিষয় সম্পর্কে আলোচনার জন্য বিশেষ জরুরী সভা আহবানের দাবি সম্বলিত লিখিত নোটিশ মহাসচিব বা সম্পাদককে প্রদান করিতে পারিবেন। মহাসচিব বা সম্পাদক এরূপ নোটিশ প্রাপ্তির ২১ দিনের মধ্যে সভাপতি / চেয়ারম্যানের সহিত আলোচনাক্রমে সভার স্থান, সময় ও আলোচ্যসূচী উল্লেখ করিয়া তলবী সভা আহবান করিবেন। মহাসচিব বা সম্পাদক নির্ধারিত সময়ের মধ্যে সভা আহবানে ব্যর্থ হইলে সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচী দিয়া অন্ততঃ ২১ দিনের নোটিশে তলবী নোটিশ প্রদানকারী সদস্যবৃন্দ নিজেরাই ঐ সভা আহবান করিতে পারিবেন। মোট সদস্যের অর্ধাংশের উপস্থিতিতে তলবী সভার কোরাম হইবে এবং কোরামসংখ্যক সদস্য উপস্থিত না থাকিলে সভা বাতিল বলিয়া গণ্য হইবে। | Extraordinary meetings of general bodies, subsidiary bodies and sub-committees may be convened by secretary general or the secretary as the case may be on a written requisition by not less than two third of its total members. In the event of failure of the secretary general or of the secretary to call such meeting within 21 days of requisition, the requisitionists shall convene the meeting with 21 days' notice to the members stating the date, place, time and purpose of the meeting. Half of total members will form quorum of the requisition meeting and if the quorum is not formed the meeting will be treated as cancelled. |
| (ঙ) প্রতি সভার কার্যবিবরণী পরবর্তী সভায় সভাপতি স্বাক্ষর দিয়া নিশ্চিত করিবেন। সভাপতি কর্তৃক নিশ্চিতকরনের পর কার্যবিবরণীসমূহ বৈধ দলিল হিসাবে পরিগণিত হইবে। | e) The minutes of all meetings duly confirmed and signed by the president at the next meeting shall be deemed to be valid documents. |
| **১৬. সভার নোটিশ ঃ** | **16. Notice of Meeting :** |
| | a) All notice of the meetings shall specify the date, |

(ক) প্রত্যেক সভার নোটিশে সভার সময়, তারিখ, স্থান ও কার্যসূচীর উল্লেখ থাকিতে হইবে। তবে সভার নোটিশ প্রেস/পত্রিকা মারফত প্রদান করিলে বিস্তারিত আলোচ্যসূচিতে উল্লেখ না থাকিলেও চলিবে।

(খ) সাধারণ পরিষদের বার্ষিক সাধারণ সভা ও জরুরী সাধারণ সভা , কার্যনির্বাহী কমিটির সভা , উপ-কমিটি ও অন্যান্য অঙ্গ সংস্থার সভাসমূহ আহবানের জন্য নোটিশ জারীর তারিখসহ নিম্নোক্ত সময়কাল পর্যাপ্ত বলিয়া গণ্য হইবে।

| <u>সভার নাম</u> | <u>নোটিশের সময়কাল</u> |
|---|---|
| (১) সাধারণ পরিষদের বার্ষিক সাধারণ সভা | ৩০ (ত্রিশ দিন) |
| (২) সাধারণ পরিষদের জরুরী সভা | ১৫ (পনের দিন) |
| (৩) কার্যনির্বাহী কমিটি , উপ-কমিটি এবং অন্যান্য অঙ্গ সংস্থার সভা | ৭ (সাত দিন) |

(গ) কার্যনির্বাহী কমিটি, অঙ্গ সংস্থা ও উপ-কমিটির জরুরী সভা প্রেসিডেন্ট বা চেয়ারম্যান - এর অনুমতিক্রমে ২৪ ঘন্টার নোটিশে অনুষ্ঠিত হইতে পারিবে।

(ঘ) সভার নোটিশ প্রত্যেক সদস্যের নিকট ব্যক্তিগতভাবে অথবা ডাকযোগে পাঠাইতে হইবে। রেজিষ্ট্রারে সদস্যগনের যে ঠিকানা দেওয়া আছে সেই ঠিকানাতেই পত্র পাঠাইতে হইবে। ঠিকানা পরিবর্তনের সংবাদ জ্ঞাপন সদস্যগণেরই দায়িত্বে থাকিবে।

(ঙ) কোন নোটিশ যে তারিখে ডাকে পাঠানো হইবে তাহার পর দিনই নোটিশ জারী হইয়াছে বলিয়া ধরিয়া লওয়া হইবে।

(চ) সাধারণ সভার নোটিশ যদি ব্যক্তিগতভাবে প্রত্যেক সদস্যের নিকট পাঠানো সম্ভব না হয় , তবে এই নোটিশ ঢাকার দুইটি দৈনিক পত্রিকায় প্রকাশ করিলে নোটিশ যথাযথ জারী হইয়াছে বলিয়া ধরিয়া লওয়া হইবে। অনিচ্ছাকৃত ত্রুটি বা কোন

time, place and the nature of business to be transacted. No detailed agenda need, however, be given when the notice is published through the press as hereinafter provided for.

b) The following period of time including the date of issue of the notice shall be deemed as adequate for holding the annual general meeting and extraordinary general meeting of the general body, executive committee, sub-committee and other subsidiary bodies :

| | Meeting | Period of Notice |
|---|---|---|
| i) | Annual general meeting of the general body, | 30 (thirty) days |
| ii) | Extraordinary general meeting of the general body, | 15 (fifteen) days |
| iii) | Executive committee, sub-committees and subsidiary bodies, meetings. | 7 (seven) days |

c) Emergency meeting of the executive committee and other subsidiary bodies or committee to transact any emergency business may be called with 24 hours' notice under order of the president or the chairman as the case may be.

d) The notice may be served upon any member either personally or by post at his address as appearing in the register of members and intimation about change of address, if any shall be the responsibility of the member concerned,

e) Any notice if served by post shall be deemed to have been served on the day following the date which the letter is actually posted.

f) Any notice for meeting of the general body published in two daily newspapers of Dhaka will also be considered sufficient if it is found not possible to notify every member

| | |
|---|---|
| আকস্মিক কারণে যদি কোন সদস্যের নোটিশ পাঠানো সম্ভব না হয়, তবে তাহাতে সভার কার্যাবলী অবৈধ হইবে না। | individually. Accidental omission in issuing a notice to any member shall not invalidate the proceedings of the meetings. |
| **১৭. নির্বাচন ঃ**<br>(ক) সমিতির সদস্যগণের মধ্য হইতে প্রধান নির্বাচন কমিশনার ও দুইজন নির্বাচন কমিশনার সমন্বয়ে সমিতির একটি নির্বাচন কমিশন থাকিবে। কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে সভাপতি প্রধান নির্বাচন কমিশনার ও দুইজন নির্বাচন কমিশনারকে নিয়োগদান করিবেন। নির্বাচন শেষ না হওয়া পর্যন্ত তাহারা নিজ নিজ পদে বহাল থাকিবেন। প্রণীত নির্বাচন বিধি-মালা ও পদ্ধতি অনুযায়ী নির্বাচন কমিশন নির্বাচন অনুষ্ঠান (পরিচালনা) করিবেন। | **17. Elections :**<br>a) There shall be an election commission for the association consisting of a chief election commissioner and two election commissioners to be appointed by the president from among the members of the association with the approval of the executive committee. They will remain in office till the election is over. The election commission will hold elections in accordance with the election rules and procedure made thereunder. |
| (খ) প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনারদ্বয় সভাপতিকে উদ্দেশ্য করিয়া স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন। গঠনতন্ত্রের অধীনে প্রধান নির্বাচন কমিশনার ও কমিশনারদ্বয় কার্যনির্বাহী কমিটির নির্বাচনে কোন পদে প্রার্থী হইতে পারিবেন না। অসদাচরণ অথবা কর্তব্যে অবহেলার কারণে কার্যনির্বাহী কমিটির উপস্থিত দুই-তৃতীয়াংশ সদস্যের ভোটে তাহাদিগকে স্ব স্ব পদ হইতে অপসারণ করা যাইবে। | b) The chief election commissioner/election commissioners may resign from his office in writing under his hand addressed to the president. The chief election commissioner/ election commissioners are debarred from contesting any posts at elections under the constitution. They may be removed from offices on grounds of misconduct or negligence of duties by two thirds voters present of the executive committee. |
| (গ) সমিতি কর্তৃক ভোটার তালিকা হালনাগাদ করিবার সময় সমিতির অন্তর্ভূক্ত প্রতি জেলা শাখা সমিতির নির্বাচিত চেয়ারম্যান ও সাধারণ সম্পাদক এর নাম পদাধিকারবলে ভোটার তালিকায় লিপিবদ্ধ করিতে হইবে যাহাতে তাহারা নির্বাচনে ভোট প্রদান করিবার অধিকারপ্রাপ্ত হন। এডহক কমিটির ক্ষেত্রেও এই নিয়ম প্রযোজ্য হইবে। | c) The names of the incumbent chairman and the Secretary of each of the affliated branches of all the districts shall be enrolled as ex officio voters in the voters' list during the time of updating the voters' list by the association so that they become entitled to cast vote in the election. It will also applicable to the Ad-hoc committee. |
| (ঘ) বার্ষিক সাধারণ সভায় সাধারণ পরিষদ **তিন বৎসরের জন্য কার্যনির্বাহী কমিটির** পদাধিকারী কর্মকর্তা ও সদস্যগণকে নির্বাচিত করিবে। | d) The general body shall elect the members of the executive committee and the office bearers for a period of three years at the annual general meeting. |
| (ঙ) কার্য-নির্বাহী কমিটি প্রয়োজন অনুযায়ী সমিতির কার্যনির্বাহী কমিটিসহ অন্যান্য সকল উপ-কমিটি ও অঙ্গ সংস্থার নির্বাচনবিধি ও পদ্ধতি প্রণয়ন করিবে। | e) The executive committee shall frame rules and procedure for all elections of the association, the executive committee and other subsidiary bodies and sub-committees as and when deemed expedient. |
| (চ) ভোটের দিন উপস্থিত নিবন্ধিত ভোটার তালিকাভূক্ত প্রত্যেক | f) On poll day every member enlisted in the voters |

| | |
|---|---|
| সদস্যের ভোটাধিকার থাকিবে। অনুপস্থিত সদস্যের পক্ষে অন্য কেহ ভোট প্রদান করিতে পারিবেন না। একজন অবসরপ্রাপ্ত পেনশনার কোন পঞ্জিকা বৎসরের ৩১ আগস্ট এর মধ্যে সমস্ত ফি' ও বার্ষিক চাঁদা প্রদান করিয়া সংস্থার সদস্য হিসাবে নিবন্ধিত হইলে তিনি প্রত্যেক প্রার্থী পদের বিপরীতে পরবর্তী নির্বাচনে ভোট প্রদান করিতে পারিবেন। | list present in person at the meeting shall have voting rights and no proxy vote shall be admissible. A person who has been enrolled as a member of the association on payment of all subscription and fees within August 31 of a calendar year shall be eligible to cast his vote against the individual candidates in the next election. |
| **১৮. ক্ষমতা , দায়িত্ব ও কর্তব্য ঃ** | **18. Powers and Functions :** |
| **(ক) সাধারণ পরিষদ ঃ** | **a) The General Body :** |
| (১) সাধারণ পরিষদ সমিতির কার্যনির্বাহী কমিটি, উপ-কমিটি ও অঙ্গ সংস্থাসহ সকল বিষয়ের উপর সর্বোচ্চ ও সর্বময় ক্ষমতার অধিকারী হইবে। | i) Shall be the supreme authority in all matters of the association and its subsidiary bodies and committees. |
| (২) বার্ষিক সাধারণ সভা দুই বৎসরের জন্য কার্যনির্বাহী কমিটির কর্মকর্তা ও সদস্য নির্বাচন করিবে। পরিষদ অডিটর নিয়োগ ও তাহাদের পারিশ্রমিক নির্ধারণ করিবে। | ii) The annual general meeting shall elect its executive committee and office bearers when due for next two years and appoint auditors and fix the remuneration of auditors. |
| (৩) অডিট রিপোর্ট, বিগত বৎসরের আয়-ব্যয় , লাভ-লোকসান এবং মহাসচিবের বার্ষিক প্রতিবেদন বিবেচনা ও অনুমোদন করিবে। | iii) Consider and approve the audited statement, profit and loss account for the outgoing year of the association and also the annual report of the secretary general. |
| (৪) সমিতির পরবর্তী বৎসরের বাজেট বিবেচনা ও অনুমোদন করিবে। | iv) Consider and approve the ensuing year's budget of the association. |
| (৫) কার্যনির্বাহী কমিটি (বা অন্য কোন কমিটি ) নীতি-নির্ধারণী কোন বিষয় বিবেচনার জন্য উপস্থাপন করিলে তাহা বিবেচনা করিয়া সিদ্ধান্ত প্রদান করিবে। | v) Shall consider and take decision on such matters of general policy as may be referred to it by the executive committee or any other subsidiary bodies or committee. |
| (৬) সমিতি আদর্শ ও উদ্দেশ্যের সাফল্যের জন্য যে কোন কাজ বা কর্মসূচী গ্রহণ করিতে পারিবে। | vi) Do such other thing as may be conducive to the aims and objects of the association. |
| **(খ) কার্যনির্বাহী কমিটি ঃ** | **b) The Executive Committee:** |
| (১) কার্যনির্বাহী কমিটি সমিতির নীতি ও উদ্দেশ্য বাস্তবায়ন, সুষ্ঠু প্রশাসন ও যাবতীয় কার্যপরিচালনা এবং সম্পাদনের দায়িত্বে | i) The executive committee shall be responsible for realisation of the aims and objectives of |

| | | |
|---|---|---|
| থাকিবে। | | the association and for proper administration and conduct of the business of the association. |
| (২) জেলা সদরে শাখা সমিতি গঠন এবং তাহা নিবন্ধিকৃত করিবে। | ii) | Shall take necessary steps for organizing/affiliating district association at district headquarters as branches of this association. |
| (৩) সমিতির এবং ইহার উপ-কমিটি ও অঙ্গ সংস্থার বিধি ও নিয়মাবলী প্রণয়ন করিবে। | iii) | Shall frame rules and regulations of the association and its subsidiary bodies and sub – committees. |
| (৪) সাধারণ সভায় উপস্থাপনের পূর্বে মহাসচিব এর বার্ষিক প্রতিবেদন,সমিতির নিরীক্ষিত হিসাব বিবেচনা,আয়-ব্যয়ের হিসাব পরীক্ষা ও অনুমোদন করিবে। | iv) | Shall approve the secretary general's annual report, audited balance sheet and profit and loss account of the association before submission to the annual general meeting. |
| (৫) সমিতির নামে ব্যাংকে হিসাব খুলিবে এবং সমিতির সকল অর্থ ও তহবিল সেই হিসাবে রাখিবে। | v) | Shall open Bank Accounts and cause all money of the Association to be kept therein in the name of the Association. |
| (৬) সমিতির গঠণতন্ত্র ও নিয়মানুযায়ী সকল উপকমিটি ও অঙ্গ সংস্থার নিয়ন্ত্রণ ও তদারক করিবে এবং ঐসব কমিটির সুষ্ঠু পরিচালনার জন্য উপদেশ নির্দেশ প্রদান করিবে। | vi) | Shall control, supervise, direct and guide the activities and affairs of the subsidiary bodies and sub-committees in a manner as it may lay down from time to time in conformity with these provisions. |
| (৭) বাংলাদেশ সরকার, সরকারী অনুসংগঠন ও আন্তর্জাতিক সংস্থাসমূহে সমিতির প্রতিনিধিত্ব করিবে। | vii) | Shall represent the association to the government of Bangladesh and its agencies and to the international bodies. |
| (৮) গঠনতন্ত্রের ৮ (ঘ) ও (ঙ) ধারা অনুযায়ী পৃষ্ঠপোষক মনোনীত এবং সম্মানী সদস্যপদ প্রদান করিতে পারিবেন। | viii) | May nominate patrons and confer honorary membership on persons as may be admissible under Article 8 (d) & (e). |
| (৯) কোন শাখা সমিতি, উপকমিটি বা অঙ্গ সংস্থা যদি লুপ্ত নিষ্ক্রিয় অসমর্থ হইয়া পড়ে বা সমিতির স্বার্থ বিরোধী ও সুনামের পরিপন্থী কার্যে লিপ্ত হয় তাহা হইলে উক্ত-সমিতি, উপকমিটি ও সংস্থাকে বাতিল করিতে পারিবে। নিয়ম-বিধি অনুযায়ী একটি নিয়মিত কমিটি বা সমিতি গঠিত না হওয়া পর্যন্ত এক বা একাধিক ব্যক্তিকে মনোনীত | ix) | May suspend or dissolve such other subsidiary body or sub-committee as may be found either defunct, inefficiently run or engaged in activities detrimental to the interest and reputation of the association and nominate such person or persons to conduct the affairs of the body/sub-committee concerned till a regular body or |

| | | |
|---|---|---|
| করিয়া ঐ সংস্থার কাজ চালানোর ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে। | | sub-committee is formed. |
| (১০) কোন বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় বিবেচনার জন্য কার্যনির্বাহী কমিটি এবং উপ-কমিটি বা অঙ্গ সংস্থার যুগ্ম বৈঠক বা সভা আহবান করিতে পারিবে এবং এই যুগ্ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত বলিয়া বিবেচিত হইবে। | x) | May convene joint meetings of the executive committee and other subsidiary bodies and sub-committees to consider matters of great importance as and when deemed expedient and the decision taken at such meetings shall be deemed to be the decision of the executive committee. |
| (১১) সমিতি কর্তৃক সংগৃহীত অর্থ সমিতির কল্যাণার্থে গ্রহণ ও বিতরণ, সংরক্ষিত তহবিল বা অন্য কোন তহবিল গঠণ এবং ঐ অর্থ উপযুক্ত কারণে বিধিবদ্ধ নিয়ম অনুযায়ী কোন সিকিউরিটি/ঋণপত্রে বিনিয়োগ করিতে পারিবেন। | xi) | Shall receive and disburse all money realised on behalf of the association exclusively for the benefit of the association and create reserve fund or any other funds and/or invest such money of the association in such securities as may be admissible by laws and deemed proper. |
| (১২) বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করার পূর্বে সমিতির বাজেট বিবেচনা ও অনুমোদন করিবে। | xii) | Shall consider and approve the budget estimates of the association and its subsidiary bodies and committees before submission to the annual general meeting. |
| (১৩) দান, অনুদান ও বাৎসরিক চাঁদার মাধ্যমে বা অন্য কোন উপায়ে সমিতির তহবিল সংগ্রহের জন্য লিখিত, মৌখিক ও ব্যক্তিগত আবেদন, জনসভা প্রভৃতি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে। | xiii) | May take such steps by personal or written – appeals, public meetings or otherwise as may from time to time be deemed expedient for the purpose of procuring contributions to the funds of the association in the shape of donation, grants-in aid, annual subscription or otherwise. |
| (১৪) সমিতির আদর্শ,উদ্দেশ্য ও উন্নতির জন্য প্রয়োজনীয় ও সুবিধাজনক মনে করিলে সমিতির পক্ষ হইতে স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রয়, ভাড়া বা ইজারা গ্রহণ করিতে পারিবে এবং সম্পত্তির পরিচালনা ও ব্যবহার করিতে পারিবে। এই উদ্দেশ্যে যে কোন ইমারত নির্মাণ, সংরক্ষণ,পরিবর্তন ও পরিবর্ধন করিতে পারিবে। | xiv) | May purchase, take on lease or in exchange, hire or otherwise acquire any real or personal property and rights or privileges which the association may think necessary or convenient for the promotion of its objectives and to construct, maintain and alter any buildings for the work of the association. |
| (১৫) প্রয়োজনবোধে সমিতির উদ্দেশ্য সাধনের জন্য সমিতির যে কোন স্থাবর বা অস্থাবর সম্পত্তি বিক্রয়,ভাড়া ও বন্ধক দিতে বা হস্তান্তর করিতে পারিবে। | xv) | May sell, let, mortgage, dispose of or turn to account all or any of the property or assets of the association as may be thought expedient for promotion of its objectives. |

| | |
|---|---|
| (১৬) সমিতির কার্যক্রমের উন্নতির জন্য আইন অনুযায়ী ট্রাষ্ট গঠন, ট্রাষ্টের দায়িত্বভার গ্রহণ ও ট্রাষ্ট দলিল সম্পাদন করিতে পারিবে। | xvi) May undertake and execute any trust which may lawfully be undertaken by the association and may be conducive to its objectives. |
| (১৭) প্রয়োজনবোধে,সুবিধাজনক শর্তে সমিতির কাজের জন্য ঋণ গ্রহণ বা নিয়মতান্ত্রিক উপায়ে অন্যভাবে অর্থ সংগ্রহ করিতে পারিবে। | xvii) May borrow or raise money for the purpose of the association on such terms and on such security as may be thought fit. |
| (১৮) নিয়োগ বিধি অনুযায়ী সমিতির নিয়ন্ত্রণাধীন স্থাপনা/প্রতিষ্ঠানসমূহের অনুমোদিত সাংগঠনিক কাঠামোর ভিত্তিতে কর্মকর্তা/কর্মচারী/ডাক্তার/নার্স/কারিগরি স্টাফ/বিভিন্ন শ্রেণীর কর্মচারী নিয়োগ করিতে পারিবে। | xviii) As per Appointment Rule of the Association the executive committee can appoint officer/employee/doctor/nurse/technical staff and various classes of employees under the provision of approved organogram for the association and installations thereunder. |
| (১৯) সমিতির আদর্শ ও উদ্দেশ্যের প্রতি লক্ষ্য রাখিয়া ডিসপেনসারী, প্রাপ্তবয়স্কদের জন্য স্কুল প্রভৃতি দাতব্য প্রতিষ্ঠান বা কোন বিশেষ বা নির্দিষ্ট প্রশিক্ষনের জন্য শিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠা করিতে পারিবে। | xix) May set up subsidiary bodies/committees to run charitable institutions like dispensaries, adult education centre etc. and for other specific work as per objectives of the association. |
| (২০) আদর্শ, মূল লক্ষ্য এবং উদ্দেশ্য অর্জনকল্পে সমিতি আনুষঙ্গিক ও সহায়ক অন্যান্য সকল কর্ম সম্পাদন করিতে পারিবে। | xx) May do all such other things as are incidental and conducive to the attainments of the above objectives. |
| <u>(গ) সভাপতি ঃ</u> | (c) President: |
| ১। সভাপতি সমিতির সকল সভায় সভাপতিত্ব করিবেন। তিনি গঠনতন্ত্রের ধারা ও গঠনতন্ত্রের আওতায় প্রণীত বিধির ব্যাখ্যা ও স্পষ্টকরণের অধিকার সংরক্ষণ করিবেন। এই সম্পর্কে তাঁহার সিদ্ধান্ত ও ব্যাখ্যা চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং উহা সকল সদস্যের উপর বর্তাইবে। কার্যনির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে তিনি যে কোন গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবেন। | 1) The president shall preside over all the meetings of the Association. He shall reserve the right to interpret or clarify the articles of the constitution and rules made there under. His decisions in this regard are final and binding on all the members of the association. He shall have authority to make decisions on all important matters subject to approval of the executive committee. |
| ২। মহাসচিবের সংগে পরামর্শক্রমে সমিতির মুখপাত্র হিসাবে তিনি সংবাদ বিজ্ঞপ্তি, প্রেস নোট ও অন্যান্য বিবৃতি প্রদান করিতে পারিবেন। মহাসচিব সভাপতির সংগে পরামর্শ করিয়া সমিতির | 2) The president shall issue press note and other statements as and when necessary as the spokesman of the association in consultation |

| | |
|---|---|
| কাজকর্ম সম্মন্ধে সংবাদ বিজ্ঞপ্তি প্রচার করিতে পারিবেন। | with the secretary general. The secretary general may also issue press release about activities of the association as and when necessary in consultation with the president. |
| ৩। সভাপতি বরাদ্দকৃত বাজেট হইতে প্রয়োজন বোধে এককালীন ৫ লক্ষ টাকা ব্যয়ের অনুমোদন নিতে পারিবেন, তবে পরবর্তী কার্যনির্বাহী কমিটিতে উক্ত ব্যয়ের অনুমোদন লইতে হইবে। | 3) The President shall have the authority to sanction expenditure up to Tk 5,00,000/- (Five lakhs) at a time subject to budget provision. This should be placed for approval in the next meeting of the Executive Committee. |
| ৪। সমিতির নির্বাচনে যদি কোন পদের বিপরীতে কোন বৈধ পদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য বৈধ প্রার্থী না মিলে এবং পদটি নির্বাচন কমিশন কর্তৃক শূন্য ঘোষিত হয় সেইক্ষেত্রে সভাপতি নির্বাচনের অব্যবহিত পরে অফিসের দায়িত্ব গ্রহণ করিয়া সমিতির আজীবন সদস্যগণের মধ্যে হইতে একজনকে কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে উক্ত শূন্য পদে নিয়োগদান করিতে পারিবেন অথবা কার্যনির্বাহী কমিটির একজন সদস্যকে কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে অতিরিক্ত দায়িত্ব প্রদান করিতে পারিবেন। | 4) In case no valid candidate is available to contest a post/position in the election of the association and the position/post is declared vacant by the election commission the president shall fill in the vacant position/post by appointing a person from among the life members of the association or giving additional charge to a member of the executive committee on assuming office immediately after the election with approval of the Executive Committee. |
| ৫। যদি কার্যনির্বাহী কমিটির দায়িত্বপ্রাপ্ত একজন পদাধিকারী কর্মকর্তা/সদস্যের মৃত্যু অথবা পদত্যাগজনিত কারণে অথবা অন্য কোন কারণে পদ শূন্য হয় তাহা হইলে সভাপতি আজীবন সদস্যগণের মধ্যে হইতে একজনকে কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে শূন্য পদে নিয়োগদান করিতে পারিবেন অথবা কার্যনির্বাহী কমিটির একজন সদস্যকে কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে অতিরিক্ত দায়িত্ব প্রদান করিতে পারিবেন। | 5) In case an incumbent office bearer/member of the executive committee dies or resigns from his office on grounds of illness or any other grounds the president shall fill in the vacant position by appointing a person from among the life members of the association or giving additional charge to a member of the executive committee with the approval of the Executive Committee. |
| **(ঘ) সহ-সভাপতি ঃ**<br>সভাপতির অনুপস্থিতিতে তিনি সভাপতির সকল দায়িত্ব ও ক্ষমতার অধিকারী হইবেন।<br>সভাপতির অবর্তমানে যে সহ-সভাপতি নির্বাচনে সর্বাধিক ভোট পাইয়াছেন তিনি কার্যনির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন। | **d) Vice - President:**<br>The vice president shall have the same powers and duties as the president in the absence of the president. The vice-president who receives maximum votes at the election will preside at the executive committee meeting in absence of the president |
| (ঙ) মহাসচিব ঃ<br>(১) তিনি সমিতির সকল প্রশাসনিক ও অন্যান্য কার্যক্রম পরিচালনার | **e) Secretary General :**<br>i) The secretary general will be in charge of the |

| | |
|---|---|
| দায়িত্ব পালন করিবেন। | administration of the association and shall be responsible for conduct of the affairs of the association. |
| (২) তিনি (মহাসচিব) পরবর্তী কার্যনির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে বরাদ্দকৃত বাজেট হইতে প্রয়োজনবোধে এককালীন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করিতে পারিবেন। | ii) He shall have the authority to sanction contingent expenditure upto Taka 50,000/- (fifty thousand) only on any item subject to budget provision and approval by the executive committee in its next meeting. |
| (৩) সভাপতির সঙ্গে পরামর্শক্রমে তিনি সাধারণ সভা ও কার্যনির্বাহী কমিটির সভা আহবান এবং ঐ সভাসমূহের অনুমোদিত কার্যবিবরণী সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করিবেন। | iii) He shall in consultation with the president convene the meeting of the executive committee and the general body and cause the minutes of all such meeting to be kept. |
| (৪) সমিতির যাবতীয় নথিপত্র ও দলিলাদি তাঁহার তত্ত্বাবধানে থাকিবে। সমিতির পক্ষ হইতে যাবতীয় পত্র যোগাযোগেও তাঁহার স্বাক্ষর হইবে। | iv) He shall be responsible for keeping all office records and documents in order and shall make correspondence on behalf of the association. |
| (৫) কার্যনির্বাহী কমিটির অনুমোদনের পর তিনি বার্ষিক প্রতিবেদন বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করিবেন। | v) He shall submit the annual report at the annual general meeting after approval by the executive committee. |
| (৬) সভাপতির অনুমোদনক্রমে প্রয়োজনবোধে তিনি তাহার কোন কাজ যুগ্ম-মহাসচিব,সহকারী মহাসচিব বা অন্য কোন কর্মচারীর উপর অর্পণ করিতে পারিবেন। | vi) He shall delegate such of his powers to the joint secretary general, assistant secretary general or any employee of the association as he may think proper with the approval of the President. |
| (৭) সমিতির লক্ষ ও উদ্দেশ্য অর্জনকল্পে সভাপতির সহিত পরামর্শক্রমে তিনি আনুষঙ্গিক সকল কর্ম সম্পাদন করিবেন। | vii) He shall do such other things as may be conducive to the aims and objectives of the association in consultation with the president. |
| (৮) সমিতির সভাপতির অনুমোদনক্রমে তিনি সমিতির নামে ব্যাংক হিসাব খুলিবেন এবং সমিতির সকল অর্থ ব্যাংক হিসাবে সংরক্ষণ করিবেন। | viii) He will open bank accounts with the approval of the President and cause all money of the association to be kept therein in the name of the association |
| (৯) "সমিতির সকল উপকমিটিতে মহাসচিব পদাধিকারবলে সদস্য হিসাবে উপস্থিত থাবিবেন" | ix) The Secretary General shall be present as a member in all meetings of sub-committees of the Association |

| | |
|---|---|
| (চ) যুগ্ম-মহাসচিব ও সহকারী মহাসচিব ঃ<br>সভাপতির অনুমোদনক্রমে যুগ্ম-মহাসচিব ও সহকারী মহাসচিব সাময়িকভাবে মহাসচিবের অনুপস্থিতিতে দায়িত্ব পালন করিবেন। | f) Joint Secretary General/Assistant Secretary General :<br>With the approval of the President, the Joint Secretary-General and the Assistant Secretary-General shall temporarily perform the activities of the Secretary General. |
| **(ছ) কোষাধ্যক্ষ ঃ**<br>(১) তিনি সমিতির সকল তহবিল নিয়ন্ত্রণ করিবেন। সমিতির সকল ব্যাংক একাউন্ট কোষাধ্যক্ষ ও নিম্নে বর্ণিত যে কোন একজন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে ঃ<br>(ক) সভাপতি<br>(ক) সহ-সভাপতি<br>(খ) মহাসচিব | **g) Treasurer :**<br>i) The treasurer shall control the funds of the Association. All bank accounts of the association shall be operated jointly under the signature of the treasurer with any of the following office – bearers :<br>a) President<br>b) Vice-President<br>c) Secretary General |
| (২) কোষাধ্যক্ষ সমিতির আয়-ব্যয়ের হিসাব রাখিবেন এবং ক্যাশ বহি সংরক্ষণ করিবেন। কার্যনির্বাহী কমিটির অনুমোদনের পর বার্ষিক সাধারণ সভায় তিনি সমিতির নিরীক্ষিত হিসাব-নিকাশ, ব্যালেন্স শীট ও বাজেট উপস্থাপন করিবেন। | ii) The treasurer shall maintain the accounts and cash book of the association and shall present the audited accounts of the association and the balance sheet at the annual general meeting after approval by the executive committee. |
| (জ) যুগ্ম কোষাধ্যক্ষ ঃ<br>কোষাধ্যক্ষের সদর কার্যালয়ে অনুপস্থিতিতে অথবা তাঁহার অসুস্থতা, শারীরিক বৈকল্য বা অন্য কোন প্রকার অক্ষমতাজনিত কারণে যুগ্ম কোষাধ্যক্ষ উপবিধি (ছ) (১) ও (২) তে বর্ণিত কোষাধ্যক্ষের সকল কার্য-সম্পাদন করিবেন। | **h) Joint treasurer :**<br>In absence of the treasurer from head-quarters or in case of his inability to perform his functions on the ground of illness or any other grounds the joint-treasurer shall perform all the functions of the treasurer as specified in sub-clause g (i) & g (ii) above. |
| **১৯. হিসাব পত্র ঃ**<br>(ক) সমিতির আর্থিক বৎসর ইংরেজী পঞ্জিকা অনুযায়ী ১ জানুয়ারী হইতে ৩১ ডিসেম্বর পর্যন্ত গণনা করা হইবে। কার্যনির্বাহী কমিটি, উপ-কমিটি বা অঙ্গ সংস্থা সমিতির সম্পত্তি দায়-দেনা এবং আয়-ব্যয়ের হিসাব সঠিকভাবে সংরক্ষণ করিবে। | **19. Accounts:**<br>a) The financial year of the association shall be from 1st January to 31st December. The executive committee or the subsidiary body or the sub-committee, as the case may be, shall cause proper books of accounts to be kept in respect of assets and liabilities of the |

| | |
|---|---|
| (খ) কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত মোতাবেক হিসাবের যাবতীয় কাগজপত্র ও হিসাব বহি সমিতির কার্যালয়ে বা কার্যনিবাহী কমিটি কর্তৃক নির্ধারিত স্থানে রাখা যাইবে। | association and money received and spent.<br>b) The books of accounts shall be kept at the office or at such other place as the executive committee shall think fit. |
| (গ) সাধারণ সভায় গৃহীত শর্তাদি ও নিয়ম-কানুন সাপেক্ষে প্রত্যেক সদস্য এককভাবে বা কয়েকজন সদস্য একত্রে সমিতির হিসাব বহি পরিদর্শন করিতে পারিবেন। | c) Subject to conditions and regulations as the association in the general meeting may lay down from time to time the books of accounts shall be open for inspection of members individually or in groups. |
| (ঘ) হিসাব - নিকাশের নির্ভুলতার পরীক্ষার জন্য বৎসরে অন্ততঃ একবার সমিতি, উপ-কমিটি বা অঙ্গ সংস্থার আয় ব্যয়ের হিসাব ও ব্যালেন্সশীট ইত্যাদি যোগ্যতাসম্পন্ন এক বা একাধিক অডিটর কর্তৃক নিরীক্ষিত ও প্রত্যায়িত হইবে। এই অডিট রিপোর্ট বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন করিতে হইবে। | d) The accounts of the association and its subsidiary bodies and sub-committees shall be examined at least once a year and the correctness of the income and expenditure accounts and balance sheet certified by the one or more qualified auditors. The audit report shall be placed before the annual general meeting. |
| **২০. সাধারণ বিষয় ঃ** | 20. **General :** |
| (ক) সমিতির নীতিমালা ও উন্নয়ন কর্মসূচী সম্পর্কে কোন প্রেস বিজ্ঞপ্তি প্রদানের অধিকার সভাপতি ব্যতিত অন্য কাহারো থাকিবে না। | a) No member other than the president shall have the right to issue press statement about the policies or development schemes of the association. |
| (খ) চাঁদা, অনুদান, মঞ্জুরী, সাহায্য বা অন্যভাবে প্রাপ্ত ও সংগৃহীত সমুদয় অর্থই সমিতির নিজস্ব হিসাবে যে কোন তফসীলি ব্যাংকে বা জেনারেল পোষ্ট অফিসে জমা রাখিতে হইবে। | b) All money realized as subscription, donations, grants in aid or in any other manner shall be kept in any scheduled bank and general post office in the account of the association. |
| **২১. তহবিল ঃ**<br>সমিতির সকল আয় উহার লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য ব্যয় বা নিয়োজিত করা হইবে। কিন্তু ইহার অংশ বিশেষ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ডিভিডেন্ড, বোনাস বা অন্যভাবে ব্যয় বা নিয়োজিত করা যাইবে না। তবে সরল বিশ্বাসে কোন কর্মকর্তা, কর্মচারী বা সদস্যকে সমিতির কাজে তাহাদের সেবা, পরিশ্রম ও সভায়তার জন্য পারিশ্রমিক বা সম্মানী বাবদ এই অর্থের অংশ বিশেষ প্রদান করা হইলে তাহা অবৈধ হইবে না। | **21. Fund:**<br>All income of the association shall be applied towards the promotion of the objectives of the association and no portion there of shall be paid or transacted directly or indirectly by way of dividend, bonus or otherwise. This shall not prevent payment in good faith of remuneration- or honorarium to any officer, servant or member of the association in return of any service actually rendered. |
| **২২. শাখা সমিতি ঃ** | |

| | |
|---|---|
| (ক) সমিতি প্রতি জেলায় বৈধভাবে গঠিত শাখা সমিতিকে অনুমোদন ও এফিলিয়েশন করিবে। প্রত্যেক শাখা সমিতির একটি সাধারণ পরিষদ ও কার্যনির্বাহী কমিটি থাকিবে এবং শাখা সমিতি তাহাদের নিজ নিজ এলাকায় সমিতির কার্য সম্পাদনকারী ইউনিট হিসাবে কাজ করিবে। | 22. **Branch Association :**<br>a) The Association shall approve and affiliate a legally constituted branch association in each district. Each Branch Association shall have a General body and Executive Committee, and the Branch Association shall act as an operational unit of the association within its respective area. |
| (খ) সমিতি প্রত্যেক শাখা সমিতিকে একইরূপ একটি গঠনতন্ত্র প্রদান করিবে যাহাতে প্রত্যেক শাখা সমিতি একই গঠনতন্ত্র দ্বারা পরিচালিত হয়। | b) The association will provide every branch association with a uniform constitution so that it can run in accordance with similar laws of the constitution. |
| **২৩. অবলুপ্তি ঃ**<br>(ক) যদি কোন কারণবশতঃ সমিতির কার্যক্রম বন্ধ হইয়া যায় বা ইহার অবলুপ্তি ঘটে, তবে দায় দেনা মিটাইবার পর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সমিতির যাবতীয় স্থাবর/অস্থাবর সম্পত্তির কর্তৃত্ব গ্রহণ করিবে। | 23. **Winding up :**<br>(a) In the event of the association being wound up, the Government of the People's Republic of Bangladesh shall take over its all assets after meeting the liabilities. |
| (খ) যদি কোন কারণবশতঃ কোন শাখা সমিতি বন্ধ হইয়া যায় বা অবলুপ্তি ঘটে তবে ইহার যাবতীয় স্থাবর/অস্থাবর সম্পত্তি সমিতির অধিকারভূক্ত হইবে এবং ইহার মালিক হইবে সমিতি নিজেই। তবে কার্যনির্বাহী কমিটি প্রয়োজনবোধে ঐ সম্পত্তি অন্য কোন শাখা সমিতি বা সংস্থার নিকট হস্তান্তর করিতে পারিবে। | (b) In the event of a branch association being closed down or wound up all assets of such branch shall become the property of the association and executive committee may either appropriate to itself or distribute them to any other body or branch as it may think proper. |
| শাখা সমিতির অবলুপ্তির ক্ষেত্রে ইহার দায়-দেনার দায়িত্ব ইহাকেই বহন করিতে হইবে। | The liabilities incurred by a branch association shall be discharged by the branch in the event of the branch being closed down or wound up. |
| **২৪. সংশোধনী ঃ**<br>(ক) বার্ষিক সাধারণ সভায় উপস্থিত অন্ততঃ দুই-তৃতীয়াংশ সদস্যের সমর্থন ব্যতীত এই সংবিধানের কোন সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন, প্রতিস্থাপন বা রহিতকরণ করা যাইবে না। তবে, সংশোধনের জন্য সংশোধনী প্রস্তাবে কি ধরণের সংশোধন প্রয়োজন তাহার উল্লেখসহ অন্ততঃ ১৫ দিনের নোটিশ দিতে হইবে। | 24. **Amendments :**<br>a) The provisions of the constitution shall not be amended, altered, or replaced except by 2/3 (two-third) majority of members present in a meeting of the general body for which 15 (fifteen) days' notice shall have to be given stating at least the nature of amendments proposed. |
| (খ) সমিতির প্রত্যেক সদস্যেরই সংবিধানের সংশোধনীর প্রস্তাব আনয়নের অধিকার থাকিবে ; তবে ঐ প্রস্তাব প্রতিবৎসরের | |

| | |
|---|---|
| ১৫ ই সেপ্টেম্বরের মধ্যে মহাসচিবের নিকট দাখিল করিতে হইবে। মহাসচিব ঐ প্রস্তাব কার্যনির্বাহী কমিটির বিবেচনার জন্য কমিটিতে পেশ করিবেন এবং কমিটির সুপারিশসহ তাহা সাধারণ সভায় উপস্থাপন করিবেন। | b) Any member of the association shall have the right to propose amendment which shall be submitted to the secretary general for consideration of the executive committee and then for submission to the general body with such recommendations as it deems fit. Such proposal for amendments must be submitted to the secretary general by the 15th September every year. |
| (গ) সমিতির সকল সংশোধনী রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে। ভলান্টারী সোসিয়েল ওয়েলফেয়ার এজেন্সিজ (রেজিষ্ট্রেশন এন্ড কন্ট্রোল) অর্ডিন্যান্স নং XLVI ১৯৬১, এ বর্ণিত বিধান অনুযায়ী রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষ এই সংশোধনী নিশ্চিত করিবেন। | c) All amendments to the constitution shall have to be approved by the registration authority. The approval of the registration authority shall be confirmed as indicated in the voluntary social welfare agencies (Registration and Control) Ordinance No. XLVI of 1961. |
| **২৫. কার্যকারিতা ঃ**<br>এই সংশোধিত গঠনতন্ত্র অন্যরূপ কোন বিধান না থাকিলে অবিলম্বে বলবৎ হইবে। ১৯৬১ সালের ৪৬ নম্বর অধ্যাদেশের সকল বিধি বিধানসমূহ এ সংগঠনের উপর কার্যকর হইবে। | **25. Commencement :**<br>The constitution as amended shall except as otherwise provided come into force with immediate effect. All the rules and regulations of the ordinance No. XLVI of 1961 shall be applicable on the organization. |